Blueprint:

Poject for “Madankam Songs and Dance of Rajbanshi in Noth Bengal” (A Ritual Songs and Dance of Madankam in Rajbangshi Soceity) Collection and Research Under the Scmeme Safeguarding the Intangible Cultural Heritage and Diverse Cultural Tradition of India,

Sanctioned Under Sanction Letter no- 28-6/ICH-Scheme/111/2015-16, 29 January 2016

1. Introduction:

Society of North Bengal Rajbangshi is full of regional culture. It can be called a vault of Folk-culture. It is full of regional song, recitation proverbs, Lokogiti, Loko-play, belief and reformation, culture and tradition etc. These are the salient features of the Rajbangshi society. Every subject has different quality and different materials. As an example of this Folk-Culture is Modonkam. It is as greate festival of uttarbanga Rajbangshi society. This festival will be started on the month of Chaitra, In this festival has different types of band. Which is full of regional song and Folk-culture. The salient feature of different types of team made me a greate encourage to survey and Evalution Everybody should know about Modonkam. It we reade about Modonkam, more and more learn to the life of North Bengal Rajbangshi society. We can get easily the society life of North Bengal Rajbangshi society. Accoeding to the North Bengal Rajbangshi society it they prayed their Mdonkam they will get the result to live their life peace and happily. Everybody should respect the religious theme of Rajbangshi. If we forget our Folk-culture, the society will abolish. So culture of Rajbangshi of North Bengal till live until the world Vanish. The song of Modonkam and belief the society culture of Rajbangshi society alive day by day.

Pooja and materials of Madankam: The festival of Madankam of North Bengal began the Bengali month of ChaitraShukla trayodashi tithee. Essential material of this festival is two long bamboos. It cut into pieces. At least 19 to 21 ft. bamboo dug on the ground. One is tall and another is short dug on the ground. Madankam is called the sex of God of North Bengal in Rajbangshi, the bamboo is the symbol of sex, this stick in standing between two bamboo. This stick is made of branch of the tree. Some red cloth (which is called Lal Shalu in the Rajbangshi Language) covered with the sticks. Besides stand Tir Dhanuk(Bow), leaves of mango and immature of betel nut bound with the two bamboo, the mixture of rice, milk, ganja, banana, sugar, goor are mixed and made Naroo, the pooja is completed the priest or Adhikary.(the term of Adhikary is priest of North Bengal regional). Who arranged the pooja, this person should not it through the day. Till Purnima the arranger of the pooja would take vegetable food. In the Hom Joggo are made Chaturdhashi tithee. The Rajbangshi society some family prayer to madankam this day. Next Purnima the team of Madankam come foreword door to door playing their song and dance and collected Magon (Magon as like donation). A song of Madankam -

Chaitra mase chaitra khela bhar purnimar chan

Hate dhanuk, konchay batul namil Madankam.

Trayodashite banshot kapor chaturdashite hom,

Purnimate bari bari byaray Madankam

Kamdeb samanya nay, sri Krishner nandan,

Bhakti bhare poojile puray manoskam.

Dance and song of Modonkam : Songs of Modankam are divided into six types which are introduced before the chapter. Society of Rajbangshi is developing day by day, they try to change their social culture. As a result of band of Motta Jag, Jag Gan, Kamdeb, Tinbaj, kyanbaj and Dulua. Song of the six group of band changes their songs as modern culture. The modern poets are written his Verse like modern culture. The song of Bhaoyaiya mixed with their songs, the song made with the social background and recent incidence through the world. The salient features of different types of groups of bands. With are discus given below :-

A. Team of Motta Jag : Today it abolished from the North Bengal Rajbangshi society. But almost 5o years ago who hade made the team of **Motta Jag (Motta** Jag is term of regional Language it is a team of song of **Modankam).** According to them in this song has sexual sensibility. The team Motta Jag began a line –

> ‘‘Women`s mind are crying bitterly from the caste wind
>
> Hearing the song she feared and got in paddy container.
>
> (The term ‘Machhat` is a paddy container)
>
> From the paddy container she got down and took her in the cauldrons which is full of hot oil.’’

As the song is singing for women and mans sexuality, and expressing their sexual activity. So this is singing is the lonely field. Where does not enter the women and girls. It is singing for men.

B. Team of Jag Gan :

It was another popular song of Madankam for the North Bengal of Rajbangshi society. In this team have almost eighteen men. There are such type of instruments for enjoyment. There are Mukha Banshi (Which is sound with mouth and made of bamboo). Two men Quarrels drum, two men sounding Korka. There are four dancer, also a Gidal, a Doyari or Motihari and a Whimsical dancer and other associates. It is sung about Keertan, Dehotatto, Manosiksha, birth ceremony of Madankam, Psychological education, catching fish for Radha Krishna. It is running today.

C. **Team of Teen Baj**: It is a popular team of regional Madankam song. The instruments of this team is a Kerosin container which is full of rejected. On kerosin container beat with strong stick and make different types of sound. In this team have a Gidal, Chhokra, Motihari or Doyari and others associates of Gidal. They have such elements of catching fish like Chatka Jal, Kekry (which is made of bamboo, use for catching fish), Khalai (used for container, Palai, Jalonga and Darkee).

D. **Team of Kyan Baj** :

The instruments of Kyan Baj team are harmonium are Khol, Kortal etc. In this team also have a Gidal, Doyari, Chhokra and others associate of the Gidal.

E. Team of Dhulua : The instruments of dhulua team are Sanai, Korka, Dhop, Dhol, Kanshi also have a Gidal, Doyari, Chhokra. They made their different minds of songs and play.

F. Team of Kamdeb : Band of Kamdeb have different type of instruments or operators which is full of regional culture. Such type of instruments Dhol, Korka, Sanai, Dop, Kanshi etc. Instruments are performed with their above instruments. They have also a singer (regional Language, Singer is called 'Gidal'), Doyari, dancer (Dancer is called Chhokra) and other associates of Gidal. Motihari has a long stick with his hand which head is like a horse, it is called Kamlingo. Which is bound with rope and set on their shoulder. Differents mind of field animals picture also find there. Different associates disguisted like elephant, deer, tiger, cow, wild bull. They also performs different dance and play. These are sowing, Sombody are ploughing, somebody are reaping and bring away to the house from the field, with their paddy. Which are performing to their regional dance. Somebody ware Dhuti, Gamchha and use dirt of soil clay on their face.

This title of the research-project is **"The Reflection of Life and Culture of Rajbanshis of North-Bengal in Madankam Songs: A Study"**. It is divided into seven parts for giving the clear conception avoiding the introduction and conclusion. Chapter division is following—

1st Chapter— Rajbanshi Society: Cultural Scenerio : In this chapter Geographical position, history and anthropological etc of Rajbanshi caste of North Bengal have been described very briefly. Geographical region of experiment of North Bengal and neighbouring State and Country. In the present research the geographical area Spreads in various parts of the State, West Bengal and in other country. The seven districts of North Bengal- Cooch Behar, Jalpaiguri, Alipurduar, Darjeeling, North Dinajpur, South Dinajpur and Maldah are Situated in the Northern region of West Bengal. Goyalpara, Dhubri of Assam, Purnia of Behar are also included of the present research. Besides Rangpur, Dinajpur, Lalmanirhat districts of the country, Bangladesh and Jhanpa, Morong districts of the country, Nepal are situated in the presend research. Besides, it is also highlighted the traditionl system of the worship on the festival song of Rajbanshi caste. The symbol of Madankam is bamboo which is very necessary in the day to day world. Its production and necessity in our daily life is also discussed very vividly.

2nd Chapter— The Song of Madankam : Origin and Development: In this chapter how to originate the worship and song of Madankam in Rajbanshi society is described. The division of the songs is also highlighted. The rituals and non-rituals songs of Madankam are also marked to discuss. The songs which will be sung by which group also described. Even, according to time, place, event the songs which are sung are also highlighted properly.

3rd Chapter— The Song of Motajag : It is an almost Extinction System of Folk-Culture : Here I discuss the primitive song of Madankam. The feature and relevance of the song is also discussed. It is necessary to arouse the lust of man for coming the new generation through sexual intercourse. The song of Madankam is created for arousing the biological lust of man. These songs have been sung specially and elaborately.

4th Chater— Jag Song: Nature and Cultural Identification : In this chapter the nature and feature of the songs have been identified with the description of jag group. In these songs the character of kanai dhamali and illicit love affair of Radha and Krishna have been highlighted. In the family there is no fear of losing the honour and lineage for finding sexual enjoyment in married life. So illicit love is much more illuminated than the self-love. This illicit love is become acceptable through these Jag songs.

5th Chapter— Song and Dance of Kamdeb: Reflective Society and Culture: In this chapter we find the life and culture through the fashion of songs of Kamdeb. The various sceneries of the dance are analyesed with the songs. Again the topic has been changed with the passing of time. For example-Kanbaj, Dhuluya, Tinbaja etc group have been created. Social values and position of these groups are analysed.

6th Chapter— Song of Madankam: Linguistic Analysis : In this chapter linguistic feature of Madankam songs has discussed beautifully. Though it is a local language of Rajbanshi language, its distinction is highlighted through formative, phonetics and the treasure of words. As far as the diverssity is seen of Rajbanshi language in the matter of sentence structure, person, verb, in the pranounciation of sound the different is seen.

7th Chapter- Symbol of Madankam is Bamboo: a Comparative Discussion : The comparative discussion of bamboo which is the symbol of Madankam is made in this chapter. The bamboo is worshipped as worshipping tree. The comparative discussion is done how in other places it is worshipped as Gods and goddesses. The custom of playing bamboo of Paglapir God is active in Rajbanshi society. Both Hindu and Muslim community take part in this game. Again woodgod of South Bengal and the sal tree of aborigin people are worshipped as different Gods and Goddesses.

The reflection of social life is seen amidst the oral literature of folk-tale. In our society the living entity of social life and culture of Rajbanshi society is seen among various types of songs- Gorakshanath's panchali, Saitol Bishahari, the song of Masan Haka Married song, filthy song of death, folk song, Kusan, Dotora pala etc. But among all of these the song of Madankam is the halmark of folk-culture. A number of folk songs has been created about bamboo and Madankam— which is still famous in the mouth of the people. They have come in our hands for collecting and preserving. These are evaluated as an epistle of the human society. So the worship of Madankam has been evaluated through sociological view.

2. OBJECTIVE

To prserve and rivive this rare form of ritual song and dance so that the new generation of Rajbangshi Society in North Bengal(West Bengal). After the above discussion we came to conclusion that different type of team of Madankam in North Bengal has been discussing differently since 40-50 years ago. Nearly 40-50 year ago men prayer for their durational Madankam. Today it broke the system of praying, modern civilization does not belief the superstition of cultured North Bengal Rajbangshi society. According to Rajbangshi society they belief their dear able God Madankam and continued their pooja for their well being family. Today of the such type of songs of Madankam has deleted and abolished day by day. It we alive the song of Madankam of Rajbangshi society in North Bengal. To need popularity of regional community. It the culture of Madankam abolished the next generation does not know about the culture of Rajbangshi society. Everybody should respect and save the society of Rajbangshi of North Bengal God Madankam.

3. IMPLIMENTATION

I will collect all these Madankam Songs and Dance during my holydays in April 2015 to December2016(it will take 90 days of the time duration). I will collect all this form of Madankam from the villages of North Bengal(seven distrisct of Cooch Behar, Jalpaiguri, Alipurduar, Darjeeling, North Dinajpur, South Dinajpur and Malda). For being a Rajbanshi myself I shall not face any linguistic problem to understand their language. Thise field work will be done in every district of North Bengal. I will not face any problem in my service life, if I do the field work during my holiday and others time of school hour. after collecting date, then annalise this songs and dance, which my research paper for the Ph. D. degree of Visva-Bharati, Santiniketan.

4. LOCALE

NORTH BENGAL IN THE STATE WEST BENGAL,7 DISTRICT- COOCHBEHAR, JALPAIGURI, ALLIPURDUAR, DARJEELING(LOWER), NORTH DINAJPUR, SOUTH DINAJPUR AND MALDA

5. DATES

Collection period will be commenced from October 2015 to December 2016 and Research Work will be published 31 March 2016.

6. CONCLUSION

The real and original elements of Madankam Songs and Dance will be collected and preserved. After the collection a research paper published as a book. The book is name **"The Reflection of Life and Culture of Rajbanshis of North Bengal in Madankam Songs: A Study"** ***(Madankam Gane Uttarbanger Rajbanshi Samajer Jeeban o Sanskriti: Ekti Samiksha).*** As a result, it will help any Scholar to recognize the Linguistic, Cultural and Anthropological aspect of Rajbanshi Society in North Bengal.

PARIMAL BARMAN
PO-MATHABHANGA
WARD NO-11
DIST- COOCHBEHAR
WEST BENGAL
PIN-736146
CELL NO- 9563417898/ 7602130301
Email ID- parimal.newgeneration@gmail.com

.

7. Photo


04 04 2015 15 44

কুচবিহার মদনমোহনবাড়িতে মদনকাম ঠাকুরের পুজো



থলায় মদনকামের বাঁশের অগক্ক্রাভা%কে নদীর জলে শুদ্ধ করে নেত্তয়া হচ্ছে



চতুর্দশীতে মদনকামের হোমযজ্ঞ চলছে।



গৃহস্থবাড়িতে মদনকামের বাঁশ পুজোর জন্য উঠনে বাঁশ পোঁতা হয়েছে ও দুটো বাঁশের মাঝখানে গাছের ডালের কামলিঙ্গ রাখা হয়েছে

সকলে বাঁশ নিয়ে বাঁশের থলায় যাচ্ছে ত্ত নিচে বাঁশ দৌড় প্রতিযোগিতা চলছে



বাঁশের থলায় কামদেবের নাচ, বারোকোদালি, তুফানগঞ্জ, কুচবিহার



संगीत नाटक अकादेमी Sangeet Natak Akademi

NATIONAL ACADEMY OF MUSIC, DANCE AND DRAMA

Scheme for "Safeguarding the Intangible Cultural Heritage and Diverse Cultural Traditions of India"

Form for National Inventory Register of Intangible Cultural Heritage of India

A. Name of the State : WEST BENGAL

B. Name of the Element/Cultural Tradition (in English) : Madankam Songs and dances of Rajbanshis in North Bengal

B.1. Name of the element in the language and script of the community Concerned, if applicable : উত্তরবঙ্গের রাজবংশী সমাজের ও মদনকাম গান ও নাচ, রাজবংশী [illegible]।

C. Name of the communities, groups or, if applicable, individuals concerned (Identify clearly either of these concerned with the practice of the said element/cultural tradition) Rajbanshi Communities

D. Geographical location and range of the element/cultural tradition (Please write about the other states in which the said element/tradition is present North Bengal of West Bengal, Assam and Neibour Country Bangladesh.

E. Identification and definition of the element/cultural tradition of the India

(Write "Yes" in one or more boxes to identify the domain(s) of intangible cultural heritage manifested by the element. If you tick 'others', specify the domain(s) in brackets.)

- i. (✓) oral traditions and expressions, including language as a vehicle of the intangible cultural heritage
- ii. (✓) performing arts
- iii. (✓) social practices, rituals and festive events
- iv. ( ) knowledge and practices concerning nature and the universe
- v. ( ) traditional craftsmanship
- vi. other(s) ( )

F. Provide a brief summary description of the element that can introduce it to readers who have never seen or experienced it

G. Who are the bearers and practitioners of the element/Cultural Traditions? Are there any specific roles or categories of persons with special responsibilities for the practice and transmission of it? If yes, who are they and what are their responsibilities? only Male of Rajbanshi Society of North Bengal.

H. How are the knowledge and skills related to the element transmitted today?

I. What social functions and cultural meanings do the element/cultural tradition have today for its community?

J. Is there any part of the element that is not compatible with existing international human rights instruments or with the requirement of mutual respect among communities, groups and individuals, or with sustainable development? I.e. describe any aspect of the element/cultural tradition that may be unacceptable to Law of the country or may be in opposition to practicing community's harmony with others.

K. Your Project's contribution to ensuring visibility, awareness and encouraging dialogue related to the element/cultural tradition

L. Information about the safeguarding measures that may protect or promote the element/cultural tradition

   a. (Write "Yes" in one or more boxes to identify the safeguarding measures that have been and are currently being taken by the communities, groups or individuals concerned)

      i. (   ) transmission, particularly through formal and non-formal education
      ii. (✓) identification, documentation, research
      iii. (✓) preservation, protection
      iv. (   ) promotion, enhancement
      v. (   ) revitalization

   b. Write about the measures taken at local, state and national level by the Authorities to safeguard the element/cultural tradition?

M. Write about the threats, if any, to the element/cultural tradition related to its practice, visibility and future longevity. Give facts and relevant reasons based on the current scenario.

N. Safeguarding measures proposed

(This section should identify and describe safeguarding measures to protect and promote the element/cultural tradition. Such measures should be concrete and can be implemented to formulate future cultural policy for safeguarding and promoting the element/cultural tradition in the state)

O. Community Participation

(Write about the participation of communities, groups and individuals related to the element/cultural tradition in formulation of your project)

P. Concerned community organization(s) or representative(s)

(Provide detailed contact information for each community organization or representative or other non-governmental organization that is concerned with the element such as associations, organizations, clubs, guilds, steering committees, etc.)

i. Name of the entity

ii. Name and title of the contact person

iii. Address

iv. Telephone number

v. E-mail

vi. Other relevant information

Q. Give information of any Inventory, database or data creation centre (local/state/national) that you may be aware or of any office, agency, organisation or body involved in the maintenance of the said inventory etc.

R. Principal published references or documentation available on the element/cultural tradition
(Books, articles, audio-visual materials, names and addresses of reference libraries, museums, private endeavours of artistes/individuals for preservation of the said element, publications or websites)

Signature: Parimal Barman

Name & Designation: Assistant Teacher of
Premerdanga Dewan Barman High
Secondary School.

Name of Institution (If applicable):

Address: PARIMAL BARMAN
P.O. + P.S: MATHABHANGA, WARD
NO-11, DIST-COOCHBEHAR,
WESTBENGAL, PIN-736146
(M) 9563417898/ 7602130301
Email: parimal.newgeneration@gmail.com

দ্বিতীয় অধ্যায়
মদনকাম গান: উদ্ভব ও ক্রমবিকাশ

উত্তরবঙ্গের রাজবংশী সম্প্রদায়ের মধ্যে নানা লৌকিক দেব-দেবীর পুজোর প্রচলন আছে। এককালে ধর্মই ছিলো এখানকার মানুষের সমাজ বন্ধনের হাতিয়ার। ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনের ভিতর দিয়ে মানুষের লৌকিক সংস্কৃতির আত্মপ্রকাশ ঘটেছে। ধর্মকে কেন্দ্র করেই বিকশিত হয়ে উঠেছিলো সমাজ-সংস্কৃতির জীবনধারা। লৌকিক দেব-দেবী ও পৌরাণিক দেব-দেবী এই অঞ্চলে যুগ যুগ ধরে ঘনিষ্ঠ প্রতিবেশি হয়ে লোকায়ত মানুষের সুখ, দুঃখ, আনন্দ, বেদনার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। উত্তরবঙ্গে রাজবংশী সমাজের সাইটোল বিষহরি, সুবচনি, যখা-যখী, ডাংধরা, গোরক্ষনাথ, মাশান-কালী, সন্ন্যাসী ঠাকুর, সোনারায়, গম্ভীরা, চরক, মহাকাল, তিস্তাবুড়ি, থানছিরি, দেবী ঠাকুরাণী, যাত্রা পুজো, ভাণ্ডানী, আমাতি, ধরম ঠাকুর, সত্যপীর প্রভৃতি দেব-দেবীকে নিয়ে রয়েছে নানা অবয়ব মূর্তি ও জনশ্রুতি। এছাড়া নানা লোকাচার পালনের কথাও পাওয়া যায়। যেমন— বিযুয়া, গারাম, গচিবুনা, ধানের ফুল আনা, নয়া খই, বুড়াবুড়ি, ক্ষেতিলক্ষ্মী, পুযুনা, হুদুম দেও, ব্যাঙের বিয়াও, বৈশাখী ও আষাঢ়ি সেবা ইত্যাদি নানা লোকাচার ধর্মীয় ভাবনারই পরিচয় প্রকাশ ধরে। আবার বৃক্ষোপাসনা হিসেবেও নানা পুজোর প্রচলন আছে। জুড়াবান্ধা, জিগা গাছের সঙ্গে সইপাতানো, বট-পাখিরির বিয়াও, শালশিরি, তুলসি তলায় পুজোর প্রচলন লোকায়ত ধর্মকেই বহিঃপ্রকাশ করে। এই সকল দেব-দেবীকে নিয়ে গড়ে উঠেছে পুজো-পার্বণ, মেলা ও উৎসব। এরকম ভাবেই মদনকাম ঠাকুরের পুজো প্রচলিত আছে রাজবংশী সম্প্রদায়ের মধ্যে। পুজোকে কেন্দ্র করে সৃষ্টি হয়েছে গান ও নাচ। যা রাজবংশী সম্প্রদায়ের একটি স্বতন্ত্র বা নিজস্ব কৃষ্টি হিসেবে গণ্য হয়। এর মাধ্যমে রাজবংশী সমাজের আর্থ-সামাজিক ও নৃতাত্ত্বিক পরিচয় এবং জীবন ও সংস্কৃতিকেও জানবার প্রয়াস করা হবে। রাজবংশী সমাজের সাংস্কৃতিক প্রেক্ষাপট পূর্ববর্তী প্রথম অধ্যায়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়েছে। বর্তমান অধ্যায়ে আমরা আমাদের আলোচ্য গবেষণা প্রকল্পের মদনকামের গান এবং তার উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করা হবে।

মদনকামের জন্ম বৃত্তান্ত:

মদনকামকে নানা পুরাণ গ্রন্থে পাওয়া যায়। মদন ও কাম একই দেবতা হিসেবে পরিচয় পাওয়া যায়। ‘মদন’ শব্দটির ব্যুৎপত্তিগত বিশ্লেষণ করলে দেখা যায় সংস্কৃত ‘√মদ্’ ধাতুর সঙ্গে ‘নিচ্’ ও ‘অন’

প্রত্যয় যুক্ত হয়ে 'মদন' শব্দ গঠিত হয়েছে। যার অর্থ কামনার অধিদেবতা, কামদেব, কন্দর্প, অতনু, অনঙ্গ মত্ততাজনক। আবার কাম শব্দের ব্যুৎপত্তিগত বিশ্লেষণ করলে পাওয়া যায় সংস্কৃত 'কিম্' ধাতুর সঙ্গে 'নিচ্' ও 'অ' প্রত্যয় যুক্ত হয়ে 'কাম' শব্দ গঠিত হয়েছে। যার অর্থ যৌন সম্ভোগের ইচ্ছা, কামনা, মনস্কামনা। তাহলে দেখা যাচ্ছে, 'মদনকাম' শব্দটির আভিধানিক অর্থ 'কামনার দেবতা মদন'। এই কামনা যৌন সম্ভোগের ও মনস্কামনার— দুটোই হতে পারে। স্বয়ং ব্রহ্মা সৃষ্টির ভারসাম্য রক্ষার্থে অথবা সৃষ্টিকে টিকে রাখার জন্য কামের দেবতা মদনকে সৃষ্টি করেছেন। 'পুরোহিত দর্পণে' পাওয়া যায়—

''অস্যাঃ কন্দর্পদেবঃ প্রজাপ্রতিরভুৎ চন্দ্রো নু কান্তিপদঃ।
শৃঙ্গারৈ করসঃ স্বয়ং নু মদন রূপঃ নু পুষ্প ধনুধরঃ।।
বেদাব্যাসজড়ঃ কথং নু বিষয় ব্যাবৃত্ত কৌতূহলঃ।
নির্মাতু প্রভবেৎ মনোহর মিদং রূপং পুরানো মুনিঃ।।''[১]

—এই তথ্যটি জানা যায়, কালীপ্রসন্ন বিদ্যারত্ন অনূদিত 'বৃহৎ কালিকা পুরাণ' গ্রন্থ থেকেও—

''ঋষিগণে সচিন্তিত হেরি অব্জযোনি।
ক্ষণকাল স্থিরভাব ধরেন তখনি।।
এহেন সময় মন হইতে উন্নত।
সুন্দর পুরুষ এক হ'লো আবির্ভূত।''[২]

'অব্জোযোনি' হলেন প্রজাপ্রতি ব্রহ্মা। জগৎ সংসারে প্রজননধারা অব্যাহত রাখতে সৃষ্টিকর্তা ব্রহ্মার মানসকল্প থেকে এক অপূর্ব সুন্দর পুরুষ দেবতার সৃষ্টি হলো। এই দেবতাই মদনকাম বা কামদেব। মুনিঋষিগণ ব্রহ্মার মানসজাত এই সুপুরুষের একাধিক নাম দিয়েছেন। যেমন— মন্মথ, মদন, কামদেব, কন্দর্প প্রভৃতি। 'বৃহৎকালিকা পুরাণে' পাওয়া যায়—

''তারপরে সকলেতে করিয়া মন্ত্রণা।
কামের রাখিল নাম যত মুনিজনা।।
কার্য-কারণের শক্তি করিয়া যোজন।
ভিন্ন ভিন্ন নাম দিল ঋষিগণ।।
মন্থিয়া বিধির মন হয়েছে জনম।
এজন্য মন্মথ নাম হবে অনুপম।।

... ...
এজন্য সংসার মাঝে কাম নাম তব।
মনোমধ্যে জন্মাবলি নাম মনোভাব।।
জীবেরে মাতিয়া তোলে এজন্য মদন।
সংসারে তোমার নাম গাবে সর্বজন।।
করিয়া শিবের দর্পচূর্ণ তব নাম।
কন্দর্প বলিয়া তুমি খ্যাত অবিরাম।”[৩]

‘বৃহৎকালিকা পুরাণ’-এর আলোচ্য কামদেবের নাম প্রসঙ্গ মুনিঋষিগণ যে কার্য-কারণ-সম্পর্কে সচেতন ভাবে রেখেছেন তা বলার অপেক্ষা রাখে না। বিধাতার মনকে মন্থন করে জন্মালেন বলে তার নাম মন্মথ। প্রজনন ধারার জন্য যে যৌনসম্ভোগ প্রয়োজন সেই কামভাবকেও জাগাতে মদন অদ্বিতীয়। এই জন্য কামের দেবতা বলা হয় মদনকে। আবার প্রজনন ধারার কারণেই জীবকে মাতিয়ে তোলে তাদের কামনাকে চরিতার্থ করে বলে এর নাম মদন। ব্রহ্মা সুন্দর রূপবান মদনকে সৃষ্টি করলেন। কামনাকে জাগানোর জন্য পঞ্চশর বা পঞ্চবাণ সম্পন্ন ধনুকেরও অধিকারী হলেন মদন। পঞ্চশরের নাম যথাক্রমে সম্মোহন, উন্মাদনা, শোষণ, তাপন ও স্তম্ভন। সম্মোহন বাণের মাধ্যমে মদনের ইচ্ছাশক্তির প্রভাবে অন্যকে বশীকরণ করা হয়। এর পর উন্মাদনের মাধ্যমে অন্য সকল ভাবনা থেকে উদাস বা আনমনা করা হয়। শোষণ নামক বাণের মাধ্যমে রসাকর্ষণ করা হয়। আর তাপনের সাহায্যে তাপজনন বা উৎপত্তি ঘটানো হয়। সবশেষে স্তম্ভনের মাধ্যমে মন্ত্রের দ্বারা শক্তিহীন করা হয়। এভাবেই মদনের পঞ্চশরের প্রভাবে বিশ্বব্রহ্মাণ্ডের জীবকূল কামনায় বশীভূত হয়ে প্রজন্ম পরম্পরায় সৃষ্টি অটুট রেখেছে। রাধামাধব ঘোষ প্রণীত ‘বৃহৎ সারাবলী’ গ্রন্থে কামদেবের উৎপত্তি হিসেবে জানা যায়—

‘‘ধর্মের প্রধানা নারী মূর্তিনাম ধরে।
পূর্বজন্মে কামদেব তাহার উবরে।।
কামের জন্ম বাসুদেবের অংশতে।
রতির উৎপত্তি হয় কামের শক্তিতে।”[৪]

মদন বা কামের পিতা ধর্মরাজ এবং মাতা মূর্তি ছিলেন পূর্ব জন্মে। আবার মদনের স্ত্রী বা কামদেবের স্ত্রী রতির জন্ম হয়েছে কামের শক্তিতেই। কিন্তু ‘কামের জন্ম যে বাসুদেবের অংশতে’— এই উক্তিটি আসলে দেবাদিদেব মহাদেবের কোপানলে কামদেব বা মদন ভস্ম হলে তার পুনর্জন্ম হয় মাতা রুক্মিণীর গর্ভে ও বাসুদেব কৃষ্ণের ঔরসে— সে কথাই বোঝানো হয়েছে।

মদনকামের জন্ম বৃত্তান্ত সম্পর্কে একই জনশ্রুতি নানা জায়গায় পাওয়া যায় একটু আলাদা আলাদা ভাবে। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, জাগগান সর্ব প্রথম আমরা ছাপার অক্ষরে দেখতে পাই রংপুর সাহিত্য পরিষদ পত্রিকায়। ১৩১৫ ও ১৩১৬ সনে যাদবেশ্বর তর্করত্ন সংগৃহীত জাগগান ও পূর্ণেন্দুমোহন সেহানবীশ সংগৃহীত জাগগান প্রকাশিত হয় রংপুর সাহিত্য পরিষদ পত্রিকায় ১৩১৫ সন দ্বিতীয় সংখ্যা, চতুর্থ সংখ্যা ও ১৩১৬ সন, চতুর্থ সংখ্যা। পত্রিকার সম্পাদক ছিলেন পঞ্চানন সরকার। তিনি এই জাগগানগুলির পাদটীকা লিখেছিলেন। কিন্তু তাতে জাগগানের কোনো উদ্ভব বিষয়ক আলোচনা সম্বলিত হয়নি। সংগ্রাহকদ্বয়ও জাগগানের উৎপত্তির বিষয়টি এরিয়ে গেছেন। তবে শতবর্ষ পূর্বেও যে মদন চতুদর্শীতে মদনকামের পূজো ও উৎসব উপলক্ষে জাগগান মানুষের মুখে মুখে প্রচলিত ছিলো সে কথা জানা যায় পঞ্চানন সরকার লিখিত পাদটীকায়। সেখানে তিনি বলেছেন—‘‘জাগগান শুধু রঙ্গপুরের নহে। রঙ্গপুর, ধুবরি, কুচবিহার ও জলপাইগুড়ি প্রভৃতিতে শুনা যায়। মদন চতুর্দশী উৎসব উপলক্ষেই জাগগান রচিত। জাগগান মুখে মুখে প্রায় শিখিয়া থাকে ও কেহ কেহ লিখিয়াও লইয়া থাকেন।’’[৫]

মদনকাম পুজো সম্পর্কে চারুচন্দ্র সান্যাল তাঁর ‘‘The Rajbansis of North Bengal” (১৯৬৫) গ্রন্থে যৎকিঞ্চিৎ আলোচনা করেছেন। সেখানে বৈশাখ মাসে মদন চতুদর্শী তিথিতে মদনকামের পূজা করা হয় বলে উল্লেখ করা আছে। মদনকামের উৎপত্তি বিষয়ক কোনো পৌরাণিক ও লৌকিক জনশ্রুতি কিছুই উল্লেখ করা হয়নি। লৌকিক পুজো ও পালনীয় আচার সম্পর্কে বিবরণ দেওয়া আছে। তিনি বলেছেন— “In the month of Baisakh after harvesting of paddy, the Rajbansi young men perform the Bãs Puja or Bãs Dzagao on the Madan Choturdasi day. This is called Madan Kam Puja.”[৬]

ড. গিরিজাশংকর রায় তাঁর ‘উত্তরবঙ্গে রাজবংশী ক্ষত্রিয় জাতির পূজা-পার্বণ’ (১৯৭০) গ্রন্থে মদনকামের জন্ম সম্পর্কে একটি পৌরাণিক ও লৌকিক কথা উল্লেখ করেছেন। তিনি বলেছেন— ‘‘দেবতাটির নামের উৎপত্তি কেমন করিয়া হইল বলা মুস্কিল। কোচবিহার রাজবংশের কুলদেবতা মদনমোহন এবং তাহার মন্দির কোচবিহার জেলার সর্বত্র রহিয়াছে। উত্তরবঙ্গের প্রায় অংশ একদা এই রাজ্যের মধ্যে ছিল। ফলতঃ রাজকুলের দেবতার পক্ষে সারা রাজ্যে পূজা পাওয়ার ব্যাপারটি অসম্ভব না হতে পারে। কিন্তু মদনমোহনের সঙ্গে শিবের সম্পর্ক কখন বা কিভাবে গড়িয়া উঠিল তাহা স্পষ্ট ভাবে বোঝা যায় না। রতির স্বামী কামদেবের এক নাম মদন অর্থাৎ মদনও যিনি কামদেবও তিনি। এই

মদনকে শিব ভস্ম করিয়াছিলেন। মদন বা কামকে ভস্মকারী শিবই মদনকাম হইয়াছেন কি না বলা যায় না। কিন্তু উত্তরবঙ্গের রাজবংশী ক্ষত্রিয় সম্প্রদায় যেহেতু মদনকামকে শিব জ্ঞানে পূজা করেন এবং তাহার প্রতীক বংশদণ্ডকে শিবলিঙ্গ বলিয়া মান্য করেন সেই হেতু মদনকাম ঠাকুরকে মদন ভস্মকারী শিব বলিয়া সাব্যস্ত করিতে হয়।”৭

ড. গিরিজাশংকর রায়-এর এই মতামতটি অনেকটাই স্ববিরোধী। কারণ কুচবিহারের কুলদেবতা ও মদনকাম দুটি আলাদা দেবতা। মদনমোহন হলেন শ্রীকৃষ্ণ মুরারী, আর মদনকাম হলেন কামদেবতা। মদনমোহনের সঙ্গে শিবের সম্পর্কের কথা। তাতে শিবের ধ্যান ভাঙানোর জন্য মদনকামের ভস্ম ও পুনর্জীবন লাভ এটাই সর্বাধিক বিশ্বাসযোগ্য বলে মনে করা যায়। মদনকামের বংশদণ্ডকে রাজবংশী ক্ষত্রিয় জাতি শিব লিঙ্গ মনে করে না। বরং এই বংশদণ্ডকে কামলিঙ্গ বলেই বহুল প্রচলিত আছে। তাই আমরা ড. রায় মহাশয়ের উল্লিখিত মতটিকে সর্বজনগ্রাহ্য বলে মনে করি না।

ড. সুখবিলাস বর্মা তাঁর ‘জাগ গান’ (১৯৯৭) গ্রন্থে কামরূপ রাজ্যের নামকরণে একটি জনশ্রুতি উল্লেখ করেছেন। এই প্রসঙ্গে তিনি বলেন— “সুতরাং দেখা যায় যে পুরাণকারদের মতে কামদেব থেকেই কামরূপ। এ সম্পর্কে এই অঞ্চলে প্রচলিত জনমত ও বিশ্বাস এই যে সতীর দেহত্যাগের পর শোকাতুর শিব নীলাচল পাহাড়ে গভীর ধ্যানে মগ্ন। তাঁর ধ্যান ভাঙাবার জন্য দেবতারা চেষ্টা করে চলেছেন। শিবের মনে কামনার উদ্রেক করার জন্য প্রেমের দেবতা কাম বা মদনকে পাঠানো হলো। কামের উপস্থিতিতে ধ্যানমগ্ন শিব বিরক্তিবোধ করলেন এবং ক্রুদ্ধ শিব একসময় মদনকে ভস্ম করে ফেললেন। মদন ভস্ম হয়ে যাওয়ার পর স্বামী বিরহিনী রতি স্বামীর জীবন ফিরে পাবার জন্য শিবের স্তুতি শুরু করলেন। রতির আরাধনায় শিব সন্তুষ্ট হলেন। মদনের পুনর্জন্ম ঘটলো। সেই পূর্বের রূপই ফিরে পেলেন। সেই থেকেই এই স্থানের নাম হলো কামরূপ। এই প্রচলিত জনশ্রুতির উপর এই অঞ্চলের মানুষের অগাধ বিশ্বাস।”৮

এখানে তিনি কামরূপ নামকরণ প্রসঙ্গে পরোক্ষে মদনকামের পুজো প্রচলনের কথাই স্পষ্ট করে বলেছেন। আবার ‘জাগ গান’-এর উৎপত্তি বিষয়ে তিনি ক্ষেত্র সমীক্ষালব্ধ জনশ্রুতিও সংগ্রহ করেছেন। এ প্রসঙ্গে তিনি বলেছেন– “এই গানের (মদনকাম) নাম জাগ গান হল কেন এ বিষয়ে কোচবিহার জেলার ধূমপুর গ্রাম নিবাসী শ্রীনিত্যানন্দ অধিকারীর কাছ থেকে একটি কাহিনী পাওয়া গেছে। শ্রীঅধিকারী এই কাহিনীটি শুনেছিলেন দীর্ঘদিন পূর্বে মুকুন্দ মালাকার নামে এক বৃদ্ধ ওস্তাদের কাছ থেকে। কাহিনীটি নিম্নরূপ—

‘দেবাদিদেব মহাদেব একসময়ে নটরাজ মূর্তি ধারণ করে দেব সমাজে নবরাগের নাট্যাভিনয় করেছিলেন। নায়ক স্বয়ং মহাদেব, নায়িকা মাতা চণ্ডী। উপনায়ক মদনদেব এবং উপনায়িকা কামপত্নী রতি। শান্ত, বীর, শৃঙ্গার, হাস্য, ভয়ানক, করুণ, বীভৎস, রৌদ্র, চিন্তা— এই নব রসের মধ্যে মহাদেব প্রথমে শান্ত রসে নৃত্য শুরু করলেন— চণ্ডী নৃত্যে যোগদান করলেন। এক সময় কামদেবের আদেশে রতি শৃঙ্গার রসে নৃত্য আরম্ভ করলেন। মদনদেব সবাইকে কামনার শর নিক্ষেপ করলেন। তাতে মহাদেব কামে উত্তেজিত হয়ে দিগ্‌বিদিক জ্ঞানশূন্য হয়ে পড়লেন— রৌদ্র রসের আবির্ভাব হল। তাঁর ত্রিনয়ে অগ্নি প্রজ্জ্বলিত হল এবং সেই আগুনে কামদেব ভস্মীভূত হলেন। তখন কামপত্নী রতি দেবতাদের নিকট স্বামীর প্রাণ ভিক্ষা করলেন। কাম নিন্দনীয় হলেও কামশূন্য পৃথিবী কল্পনা করা সম্ভব নয়। উক্ত মদন চতুর্দশীতে দেবতাগণ সকলে মিলে দেবতাদের কাছে মদনকামদেবের প্রাণ ভিক্ষা মাগেন এবং সারারাত জেগে ভস্মীভূত মদনকে পুনঃজাগ্রত করেন। এই কাহিনী থেকেই পূর্বকালের পল্লী কবিরা জাগগান রচনা করেছিলেন। জাগ অর্থ জাগরণ অর্থাৎ কাম জাগরণী শব্দ থেকেই জাগ গানের সৃষ্টি।”[৯]

—-এখানে শিবকে আরাধনা করে মদনকামের পুনর্জন্ম ও কাম জাগানোর কথা স্পষ্ট হয়েছে। একদিকে শিবের স্তুতির মাধ্যমে কাম জাগানো অপরদিকে মদনকামকে পুনর্জন্মের জন্য স্তুতি করায় সফলতা লাভ করা। কোন্ ঘটনাটি মদনকামের উৎপত্তির সঙ্গে প্রাধান্য পাবে তা ঠিক স্পষ্ট নয়। যতটা স্পষ্ট জাগগানের নামকরণে। তাই আমরা আমাদের ক্ষেত্র সমীক্ষা থেকে প্রাপ্ত জনশ্রুতির উপর অনেক বেশি নির্ভর করতে পারি। কেন না, উপরিউক্ত প্রায় সকল জনশ্রুতিই আংশিক বা খণ্ডিত বলে মনে হয়। যাঁদের কাছ থেকে কামদেবের জনশ্রুতিটি শুনেছি তাঁদের একজনের নাম শ্রীগৌরচন্দ্র (গৌরচন গীদাল) বর্মণ, গ্রাম- নবীনের দোলা, থানা- ঘোকসাডাঙ্গা, জেলা- কুচবিহার নিবাসী। তাঁর এই উৎপত্তি বিষয়ক জনশ্রুতি একই জেলার রামঠেঙ্গা গ্রামের নিবাসী হরেন বর্মণ, বুইডাঙ্গা, নয়ারহাট নিবাসী কাশীনাথ বর্মণ (কাশী গীদাল), খট্টিমারী গ্রামের অন্তর্গত সুতারপাড়া নিবাসী রাজেন্দ্রনাথ বর্মণ প্রায় সকলই এই জনশ্রুতির উপর বিশ্বাস করেন। জনশ্রুতিটি নিম্নরূপ—

“একবার ভৃগুমুনির যজ্ঞে সকল দেবতা উপস্থিত হয়েছিলেন। সেখানে দক্ষরাজ উপস্থিত হলে সকল দেবগণ তাকে প্রণাম জানাল। কিন্তু শিব দক্ষরাজকে মাথানত করে প্রণাম করলেন না। তাই দক্ষরাজ সকলের সামনে অপমান বোধ করলেন। তাই সভা মধ্যেই দক্ষরাজ ক্ষোভে বললেন—

শোন রে সভার লোক   এ বড় দারুণ শোক

মোরে নত না করিল মাথা।

আমি গেইলাম যজ্ঞের স্থান   আমারে না করে মান
সেই শিব হল আমারও জামাতা।
আমি নারদে বলিব কী   তার বাক্যে দিলাম ঝি
এমনও ভাঙর মতি পাপে।
ত্রিভুবনে যত ধ্বন্যা   অপাত্রকে দিলাম কইন্যা
তনু শুকাইল অনুতাপে।।

দক্ষরাজ এবার ভৃগুমুনির যজ্ঞ থেকে বাড়ি ফিরলেন এবং সিদ্ধান্ত নিলেন যে, শিবরোহিত যজ্ঞ করবেন। দক্ষরাজ তাই নারদকে ডেকে স্বর্গ-মর্ত্য-পাতাল সকলকে নিমন্ত্রণ করার আদেশ দিলেন। কিন্তু কৈলাশের দক্ষ-কন্যা সতীকে ও জামাতা শিবকে নিমন্ত্রণ করতে নিষেধ করলেন। নারদ দক্ষরাজের কথা মতো সকলকে নিমন্ত্রণ করে উপস্থিত হলেন কৈলাশে। শিব নারদকে দেখে হঠাৎ আগমনের কারণ জানতে চাইলেন। নারদ প্রথমে দক্ষ-যজ্ঞের কথা বলতে রাজি হলেন না। কিন্তু শিবের পীড়াপীড়িতে বলে ফেললেন যে দক্ষরাজ শিবরোহিত যজ্ঞের আয়োজন করেছেন। সেখানে শিব-সতীর নিমন্ত্রণ করা নিষিদ্ধ হয়েছে। শিব শুনে দক্ষরাজের শিবরোহিত যজ্ঞের উদ্দেশ্য বুঝতে পারলেন। তাই তিনি একথা সতীকে জানাতে নিষেধ করলেন। কিন্তু নারদ সতী মাতার কাছের জল পানের অছিলায় গেলেন এবং দক্ষরাজের শিবরোহিত যজ্ঞের কথা বলে ফেললেন। তারপর যজ্ঞের দিন উপস্থিত হলে সতী শিবের কাছে বাপের বাড়ি যাওয়ার অনুমতি চাইলেন—

অনুমতি দেয় হর যাইব বাবার ঘর
যজ্ঞ মহোৎসব দেখিবার।

উত্তরে শিব বলেন—

বিনা নিমন্ত্রণে গেইলে সতী পাব বড় খোটা।
তা প্রসঙ্গে সতী আমার কাটা যাবে মাথা।।

কিন্তু সতী শিবের আজ্ঞা পালন না করে, বিনা নিমন্ত্রণে যজ্ঞ মহোৎসবে উপস্থিত হওয়ার জন্য বলেন—

ত্রিভুবনে যত বৈসে   চলিলাম বাবার বাসে
তনয়ার কেমনে প্রাণ ধরে।

চরণে ধরিয়া সাধি কৃপাকর গুণনিধি
যাব পঞ্চদিবসের তরে।।
দূর কর বিসম্বাদ পূরাবো মনের স্বাদ
মায়ের রান্ধনে খাব ভাত।

এই সব কথা শুনার পরেও শিব যখন যেতে দিলেন না, তখন সতী তার নিজের আসল অর্থাৎ প্রকৃত রূপ দেখালেন—

যাইবারে অনুমতি নাহি দিল মোরে পশুপতি
দক্ষায়িনী হইল কম্ফাবতী।

আদ্যাশক্তি মহামায়ার প্রকৃত রূপ দেখে শিব খানিকটা বিহ্বল হয়ে সতীকে যাওয়ার আজ্ঞা দিলেন। সতী এবার বাপের বাড়ি গিয়ে মায়ের সঙ্গে সুখ-দুঃখের কথা বলতে লাগলেন। এদিকে দক্ষরাজ শিব নিন্দা শুরু করলেন যজ্ঞ সভাসদের সম্মুখে। দক্ষ শিব সম্পর্কে নিন্দা করে বললেন—

শ্মশানে যাহারও স্থান
তারে কে বা করে মান
আর সেই শিব আমারও জামাতা।

নন্দি শিব নিন্দা শুনে দক্ষরাজকে অভিশাপ দিয়ে বললেন—

যে মুখে দক্ষরাজ শিবে বলক বচন।
আর অচিরেতে হবে তোর ছাগলবদন।।

সতী স্বামী নিন্দা শুনে স্থির থাকতে পারলেন না। ফলে দক্ষযজ্ঞে গিয়ে পিতার প্রতি নানা কথা বলে নিজের প্রকৃত আদ্যাশক্তি মহামায়ার রূপ ধারণ করে যজ্ঞের আগুনে নিজে দেহত্যাগ করলেন। সতীর দেহত্যাগের খবর শিবকে জানালেন নন্দি। সেখানে শিব প্রচণ্ড ক্রুদ্ধ হলেন। রাগের মাথায় জটা ছিঁড়ে বীরভদ্র নামে এক বীর যোদ্ধা ও সুভদ্র নামে আর এক যোদ্ধা আভির্ভূত করলেন। তাদেরকে শিব দক্ষযজ্ঞ তছনচ করে দিতে বললেন এবং দক্ষের মুণ্ডচ্ছেদ করতে নির্দেশ দিলেন। দুই বীর দক্ষযজ্ঞ প্রস্রাব করে ভাসিয়ে দিলেন। তারপর ব্রহ্মার অনুরোধে শিব এলেন যজ্ঞস্থানে। এসে দক্ষের স্ত্রী প্রসূতীর অনুরোধে দক্ষরাজের প্রাণ ফিরিয়ে দিলেন। কিন্তু ছাগলের মুণ্ড দক্ষের শরীরে জুড়ে দেওয়া হলো। ফলে দক্ষের অহংকার চূর্ণ হলো এবং শিব অনুগত হলেন। যজ্ঞ থেকে সতীকে কাঁধে নিয়ে শিব

এক অনিশ্চিত গন্তব্য স্থলের উদ্দেশ্যে গমন কিরলেন। দীর্ঘ দিন শিবের কাঁধে সতীর মৃতদেহ থাকতে থাকতে পচনশীল দেহ থেকে সতীর দেহটির নানা অংশ বিভিন্ন স্থানে খসে পড়ে এবং উক্ত স্থানগুলি তীর্থভূমিতে পরিণত হয়। এরকম একান্নটি খণ্ডে বিভক্ত হয়েছে সতীর দেহ। এরকম কয়েকটি তীর্থস্থানের নাম— গয়া, কাশি, বৃন্দাবন, বেনারস, বক্রেশ্বর, কামাখ্যা, মথুরা প্রভৃতি বিখ্যাত স্থানগুলি মানুষের কাছে আজও পবিত্র তীর্থভূমি হিসেবে পরিচিত। সতীর 'ভগখণ্ড' তথা যৌনাঙ্গখানি কামাখ্যাতে পড়েছে। এই অংশটুকু ছিল শেষ দেহাংশ। ফলে 'ভগখণ্ডে' শিব নিবিষ্ট চিত্তে দেখতে থাকলেন। দেখতে দেখতে শিব কামাসক্ত হয়ে পড়লেন এবং সম্মুখে 'ভগখণ্ড' সতীর শরীরি রূপ কল্পনা করলেন। কামাসক্ত হওয়ার পিছনে শিব দিব্য দৃষ্টি দিয়ে দেখলেন যে মদন তাঁর পঞ্চশরের সাহায্যে ধ্যান ভাঙানোর চেষ্টা করছেন। এরূপ উপলব্ধি করার পর মদনকে ভস্মীভূত করলেন। তারপর মদনের স্ত্রী রতী গভীর শোকে বিহ্বল হয়ে পড়লেন এবং শিবের স্তুতি করতে লাগলেন। শোকাতুর রতিকে বিষ্ণুদেব তথা নারায়ণ আশীর্বাদ প্রদান করলেন যে মদন বা কাম পরের জন্মে আমারই পুত্র রূপে খ্যাত হবে। সেই সঙ্গে মর্ত্যলোকে পুজাও পাবে। রতির স্তুতিতে শিব সন্তুষ্ট হয়ে মদন বা কামের জীবন ফিরে দিয়েছেন। শ্রীকৃষ্ণের আশীর্বাদের কারণেই পুনর্জন্মের পর মদনকামের পুজো মর্ত্যলোকে প্রচলিত হয়। আর এভাবেই পৌরাণিক মদনকাম লৌকিক মদনকামে রূপান্তরিত হয়। মর্ত্যলোকে মদনকামের পুজো উপলক্ষে প্রচলিত হয়েছে নানা গান ও নৃত্যের। এভাবেই মদনকামের পুজোর উদ্ভব হয়েছিল বলে অনুমান করা হয়।"[১০]

আলোচ্য জনশ্রুতি বা কিংবদন্তিটি সৃষ্টিতত্ত্বমূলক। এই কাহিনিটি বিশ্লেষণ করলে দেখা যায়, প্রথমপক্ষ দক্ষরাজ, প্রতিপক্ষ শিব ও সতী। মধ্যস্থকারী ভূমিকায় রয়েছেন ভৃগুমুনি, নারদ, নন্দি-ভৃঙ্গি এবং অন্যান্য দেবগণ। লোকপুরাণটির মুখ্য উদ্দেশ্য অপমানের প্রতিশোধ নেওয়া। মানব সমাজে অপমানিত হলে যেভাবে প্রতিশোধ নেওয়ার ইচ্ছা জাগে সেই বিষয়টিকে দেখানো হয়েছে দেবতার মাধ্যমে। মিথের মধ্যে দক্ষরাজের মুখে শিব নিন্দা শুনে সতী যজ্ঞস্থানে দেহত্যাগ করলেন। রোষানলে শিব নিজের জটা ছিঁড়ে তার প্রতিশোধ নিয়েছেন। যজ্ঞস্থান লণ্ডভণ্ড করে দেন এবং দক্ষরাজের মুণ্ডচ্ছেদ করে দেন। এখানে দক্ষরাজ কিংবা শিব ও সতী প্রত্যেকেই নিজের আবেগপ্রবণ হটকারী সিদ্ধান্তের জন্য বিপথে পরিচালিত হয়। পুরাণের শিব-সতী-দক্ষরাজ ভৃগুমুনি, নারদ প্রমুখ দেব-দেবী চরিত্রের বদলে মানব সমাজের যে কোনো মানুষের নাম বসিয়ে দিলে মিথ বা লোকপুরাণটি আজকের সমাজের জীবন্ত দলিল হয়ে ওঠে।

আলোচ্য মিথ বা জনশ্রুতিটির একটি বড় দিক হলো মদনকাম বা কামদেবের সৃষ্টি রহস্য। সতীর বা যৌনাঙ্গের 'ভগখণ্ডে'র দিকে শিবের নিবিষ্ট দৃষ্টি এবং তার প্রতি শিবের একসময় সম্ভোগ কামনার উদ্রেক হয়েছে। শিব হঠাৎ কামের উদ্রেগের কারণ হিসেবে কামদেব বা মদনকামের উপস্থিতি জানতে পারে। ফলে মদনকে ভস্ম করে দেয়। রতির আরাধনায় তুষ্ট হয়ে শিব মদনের পুনর্জীবন দান করেন। সেদিন থেকেই মর্ত্যলোকে মদনকামের পূজার প্রচলন শুরু হয়— এই তত্ত্ব কামদেব বা মদনকামের জন্ম রহস্যকে সূচিত করে। তাই একে দেব-দেবীর জন্ম রহস্যমূলক ব্যাখ্যাদানকারী কাহিনিও (Explainatory folktale) বলা যায়। কী কারণে সমাজে মদনকামের পুজোর প্রচলন হয়েছে— তার যথার্থ কারণ হিসেবে বলা যায়, মানব সভ্যতার বিবর্তনের সঙ্গে সঙ্গে হিংসা, বিদ্বেষ, প্রতিশোধ স্পৃহা প্রভৃতি থেকেই মানুষ এ ধরনের লোকপুরাণের বা জনশ্রুতির সৃষ্টি করেছে। একেই আমরা আলোচ্য জনশ্রুতি বা লোকপুরাণটির মূল উৎস বলতে পারি। মানব সমাজের সর্বাঙ্গীণ মঙ্গল সাধনের ভাবনা থেকেই এরূপ ব্যাখাদানকারী লোকপুরাণ বা জনশ্রুতির সৃষ্টি হয়েছে।

এই জনশ্রুতিটি লোকপুরাণের অন্তর্গত। টাইপের দিক থেকে ক্রমপুঞ্জিত ও সূত্রবন্ধ দুটি শ্রেণির মধ্যেই পড়ে। কারণ গল্পটি কিছুটা ছড়ায় ও কিছুটা গদ্যে বর্ণিত হয়েছে। উপাদানগত বৈশিষ্ট্য অনুসারে লোকপুরাণটিকে একাধিক গুচ্ছে বিন্যস্ত করলে পাওয়া যায়—

এক. ভৃগুমুনির যজ্ঞ,

দুই. শিব দক্ষরাজকে প্রণাম না করায় দক্ষরাজ অপমাণিত বোধ করেন,

তিন. এর প্রতিশোধ নেওয়ার জন্য দক্ষরাজ শিবরোহিত যজ্ঞ করেন।

চার. বিনা নিমন্ত্রণে সতীর দক্ষযজ্ঞে গমন।

পাঁচ. দক্ষরাজের শিব নিন্দা।

ছয়. স্বামী নিন্দা শুনে সতীর দক্ষযজ্ঞে দেহত্যাগ।

সাত. শিবের জটা থেকে দুই বীরের জন্ম এবং যজ্ঞ লণ্ডভণ্ড করে শেষে দক্ষরাজের মুণ্ডচ্ছেদ করে ফেলে।

আট. সতীর দেহ কাঁধে নিয়ে শিবের অন্যত্র উদ্দেশ্যহীন ভাবে গমন।

নয়. শিবের 'ভগখণ্ডে' নিবিষ্ট দৃষ্টি ও কামনার উদ্রেক।

নয়. দিব্য দৃষ্টির মাধ্যমে কামনা, উদ্রেগের কারণে মদনকে ভস্ম করেন শিব।

এগারো. রতির আরাধনায় মদনের পুনর্জীবন ঘটায় শিব।

বারো. বিষ্ণুর আশীর্বাদে মদনের মর্ত্যলোকে পুজো প্রাপ্তি ঘটে।

এই কয়েকটি ঘটনার মাধ্যমে জনশ্রুতি বা মিথটি গড়ে উঠেছে। প্রতিটি ঘটনা অপমানবোধ ও প্রতিশোধের স্পৃহা থেকে উদ্ভাবিত হয়েছে। তাই 'অপমানবোধ' ও 'প্রতিশোধ স্পৃহা'— এর মুখ্য বিষয়বস্তু। একটি ঘটনা থেকে পরবর্তী ঘটনার সঞ্চারণ ঘটেছে 'অপমানবোধ' কিংবা 'প্রতিশোধ স্পৃহা'র কারণে উল্লিখিত হয়েছে।

কাহিনি একটি স্তর পর্যন্ত ক্রমধারায় অগ্রসর হয়ে চরম পরিণতি প্রাপ্ত হয়েছে। বদলা নেওয়ার পরিণতি (Climex) দাস প্রথা বা দলবন্ধ বা গোষ্ঠীবন্ধ সমাজ ব্যবস্থার বৈশিষ্ট্য। দলবন্ধ সমাজের দলপতিদের মধ্যে লড়াইয়ের ঘটনা এই সমাজ মানসিকতার পরিচয় দেয়।

রাশিয়ার লোকসংস্কৃতিবিদ্ ভ্লাদিমির জে. প্রপ-এর একত্রিশটি ক্রিয়াশীলতার মধ্যে কয়েকটি ক্রিয়াশীলতা আলোচ্য জনশ্রুতি বা লোকপুরাণটিতে পরিলক্ষিত হয়। ভ্লাদিমির জে. প্রপ-এর মতে— ''ক্রিয়াশীলতা হল চরিত্রের সম্পাদিত কার্য এবং অপরিবর্তনীয় মৌলিক উপাদান যাকে ভিত্তি করে কাহিনি গ্রোথিত হয়।''[১১] প্রপ-এর ক্রিয়াশীলতা বিশ্বজনীনতা প্রকাশ করে। যে কোনো লোককথাতে দ্বেষ, প্রতারণা, আনন্দ, দুঃখ প্রভৃতি দেখা যায়— এগুলিই হলো ক্রিয়াশীলতা। তিনি এই তত্ত্ব প্রতিষ্ঠিত করেছেন তাঁর ''Morfology Skazki'' (1928) গ্রন্থে। সেখানে তিনি বলেছেন যে, একটি লোককথায় দুই ধরনের বিষয়বস্তু থাকে—

এক. পরিবর্তনীয় বা Variable এবং

দুই. অপরিবর্তনীয় বা Constants

লোককথায় চরিত্রগুলি পরিবর্তনীয়। দেখা যায় একটি লোককথায় কাহিনির মিল থাকলে স্থান ভেদে চরিত্রগুলি বদলে যায়। আবার চরিত্রগুলি যে ধরনের কাজ করে সেগুলি অপরিবর্তনীয়। এখানে দেখা যায়, কাহিনির মধ্যে ক্রূরতা, শঠতা, দয়া, মায়া, প্রবঞ্চনা ইত্যাদি স্থান কালভেদে কোনো পরিবর্তন ঘটে না। এগুলিই হলো অপরিবর্তনীয় বা Constants। আমাদের আলোচ্য জনশ্রুতি বা লোকপুরাণটিতে যে সমস্ত ক্রিয়াশীলতা পাওয়া যায়, তা নিম্নরূপ—

এক. উপস্থিত: b ;[১২] ভৃগুমুনির যজ্ঞে সকল দেবগণসহ শিব ও দক্ষরাজ উপস্থিত হয়েছেন।

দুই. অভাব: a; ভৃগুমুনির যজ্ঞে সকল দেবগণ দক্ষরাজকে প্রণাম করলেও শিব করেনি।

তিন. অভাব অপসারিত: k;[১৪] শিবের প্রণাম না পাওয়ার অপমানের জ্বালায় দক্ষরাজ শিবরোহিত যজ্ঞের আয়োজন করেছেন।

চার. নিষেধাজ্ঞা বা সর্তকতা: y;[১৫] শিবের নিষেধাজ্ঞা যাতে সতী বিনা নিমন্ত্রণে দক্ষযজ্ঞে না যায়।

পাঁচ. নিষেধাজ্ঞা লঙ্ঘন: d;[১৬] শিবের নিষেধাজ্ঞা সত্ত্বেও সতীর বাপের বাড়িতে গমন।

ছয়. ছলনার জাল বিস্তার: n;[১৭] দক্ষরাজের শিব নিন্দা ও সতীর দক্ষযজ্ঞে আত্মহত্যা।

সাত. প্রতিশোধমূলক কাজের সূত্রপাত: c;[১৮] সতীর মৃত্যুতে শিবের ক্ষুব্ধতা কেটে যায় দক্ষরাজের মুণ্ডচ্ছেদ হলে।

ফরাসি নৃ-বিজ্ঞানী ক্লদ লেভিস্ট্রস প্রকাশ করেন তাঁর বিশ্ববন্দিত গ্রন্থ-“Structural Study of Myth” (১৯৫৫)। তিনি “Four Term Homology” নামে লোককথায় কাহিনির ঘটনাগুলিকে বিন্যস্ত করেছেন। তিনি বিন্যস্ত ঘটনার খণ্ডগুলির নাম দিয়েছেন “Mythem”। এই “Mythem” অনেকটা ক্রিয়াশীলতার সমতুল্য। স্ট্রসের মতে লোকসাহিত্যের সমস্ত উপাদানের মধ্যে যুগ্ম বৈপরীত্য বা ‘Binary Opposition’ রয়েছে। তাঁর মতে, “Mythem”-এর সার্বিক অর্থ উদ্ধারের জন্য “Mythem”গুলিকে বিচ্ছন্ন করে একটি অর্থবোধক পন্থায় সাজাতে হবে এবং বিপরীতধর্মী বক্তব্য ও শক্তিগুলোকে চিহ্নিত করতে হবে। পরবর্তী অবস্থায় দেখা যায়, যুগ্ম বৈপরীত্যের দ্বন্দ্বমূলক ক্রিয়াশীলতার অভ্যন্তরস্থ ঘটনাগুলি চক্রাকার ভাবে আবর্তিত হয় এবং পরিশেষে বা মধ্যস্থতাকারি শক্তির সাহায্যে কাহিনির একটি সুন্দর পরিণতি লাভ করে।”[১৯] রূপতত্ত্বের দিক থেকে গল্পটিকে ব্যাখ্যা করা যায়। লেভিস্ট্রসের সূত্র অনুসারে বিশ্লেষণটি নিম্নরূপ—

$$\mathbf{f_x(a) : f_y(b) :: f_x(b) : f_{a-1}(y)}$$[২০]

a— খলনায়ক (দক্ষরাজ)।

b— নায়ক ও নায়িকা (শিব ও সতী)।

f— ক্রিয়াশীলতা।

f_x— দক্ষরাজ কর্তৃক শিবের নিন্দা ও সতীর দেহত্যাগ।

f_y— শিব কর্তৃক দক্ষরাজের মুণ্ডচ্ছেদ।

মধ্যস্থকারী শক্তি— ভৃগুমুনি, নারদ, বীরভদ্র-সুভদ্র , নন্দি-ভৃঙ্গি প্রমুখ দেবগণ।

পরবর্তীকালে মারাণ্ডা দম্পতিদ্বয় আর একটি সূত্রের উদ্ভব করেছেন। তাঁরা একটি লোককথায় চারটি ঘটনার সন্নিবেশের কথা উল্লেখ করেছেন। যেমন— আপাত সমাধান (QS), আপাত ফল (QR), শেষ সমাধান (FS) এবং শেষ ফল (FR)। আমাদের আলোচ্য লোকপুরাণ বা জনশ্রুতিটিও উক্ত সূত্রে প্রয়োগ দেখানো যেতে পারে—

QS : QR :: FS : FR[২১]

QS— শিব দক্ষরাজকে প্রণাম করেনি।

QR— দক্ষরাজ শিবরোহিত যজ্ঞের আয়োজন করেছেন।

FS— দক্ষরাজের শিব নিন্দা ও সতীর দেহত্যাগ।

FR— শিব কর্তৃক দক্ষরাজের মুণ্ডচ্ছেদ।

আলোচ্য লোকশ্রুতি বা লোকপুরাণটির টাইপ ও মোটিফ বিশ্লেষণ করে অ্যান্টি আর্ণে ও স্টিথ থম্‌সন-এর সূত্রটি প্রয়োগ করে পাওয়া যায়—

এক. টাইপ: পতিব্রতা স্ত্রী- ৪৪৪[২২]

দুই. মোটিফ:
১. দেবতার উদ্ভব- A110[২৩]
২. দেবতার রোষ সৃষ্টি- C50[২৪]
৩. নিষিদ্ধ দিকে যাত্রা- C614.1[২৫]
৪. কোনো বিশেষ স্থানে মৃত্যু- M341.3[২৬]
৫. দেবতাদের আজ্ঞাবাহক দৈত্য- A133.3[২৭]
৬. দেবতাদের মধ্যে বিরোধ- A162[২৮]
৭. দেবতাদের ঈর্ষাপরায়ণ স্ত্রী: সতী- A164.7[২৯]
৮. ঐন্দ্রজালিকা (প্রস্রাব করে লণ্ডভণ্ড করা)- A1012[৩০]
৯. অপরিমিত যৌন কামনা- C111[31]

মদনকাম দেবতার সঙ্গে রাজবংশী সমাজের ওতপ্রোত সম্পর্কের কারণ কী? ক্ষেত্র সমীক্ষায় প্রাপ্ত গানগুলি বিশ্লেষণ করে জানা গেছে যে, সকল দেব-দেবী বারো মাসের বিভিন্ন সময়ে পুজোর তিথি

বেছে নিয়েছে। বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন এই এগারোটি মাসের নানান তিথি অনুযায়ী গনেশ, কার্তিক, লক্ষ্মী, নারায়ণ, মনসা, দুর্গা, বিশ্বকর্মা, শিব, পার্বতী প্রভৃতি দেব-দেবীর পুজো হয়। কিন্তু চৈত্র মাস আকালের মাস অর্থাৎ অভাবের মাস বলে কোনো দেব-দেবী পুজো নিতে স্বীকার করেনি। অভাবের সময় ভক্তরা নিজেরাই খেতে পায় না। তার মধ্যে তাদের আরাধ্য দেবতার পুজো কীভাবে করবে— এই কারণে কোনো দেবতাই চৈত্র মাসের পুজো নেওয়ার রাজি হয়নি। মদনকাম এই আকালের মাসেই পুজো নিতে রাজি হয়। কারণ তার পুজোয় সামান্য কিছু উপকরণ প্রয়োজন। একটু আলোচালের গুড়োর সঙ্গে চিনি বা গুড়, ভাঙ-এর গুঁড়ো মিশিয়ে নাড়ু তৈরি করতে হয়। এই নাড়ুই মদনকামের একমাত্র প্রসাদ। এই সামান্য আয়োজন টুকু তাঁর ভক্তরা অনায়াসেই করতে পারবে। চৈত্রমাসে বিভিন্ন রোগের প্রাদুর্ভব দেখা যায়। যেমন— কলেরার মতো মহামারি রোগ, গুটি বসন্ত রোগের প্রকোপ থেকে রক্ষা পাওয়ার জন্য রাজবংশী সমাজের মানুষ কোন্ দেবতাকে মানত ও পুজো করবে— তারই অন্বেষণ শুরু করলো। পুরাণ মতে দেখা যায়, মদন চতুর্দশী তিথিতে মদনকামের পুজোর দিন নির্ধারিত হয়েছে। অতএব মানুষ নানা রোগ-ব্যাধির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য মদনকামের পুজো শুরু করে দেয়। সন্তান কামনাও মদনকামের পুজো করার অন্যতম উদ্দেশ্য। আর এই উপলক্ষে রচিত হয়েছে মদনকামের গান।

মদনকামের লৌকিক গানের মধ্যে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক গানের পরিচয় পাই। আনুষ্ঠানিক মদনকাম গানের মাধ্যমে মদনকামের জন্মকথা, বাঁশের জন্মকথা, নাড়ু সিজ্জনের কথা, ভাঙ্ বা গাজার সৃষ্টি কথা, বাঁশকে কাপড় পড়ানো হয় সেই কাপড়ের সৃষ্টি কথা, ঘটের জন্ম কথা, মদনকামের বাঁশকে বরণ করার গান ইত্যাদি। অনানুষ্ঠানিক গানের মধ্যে পড়ে নানা রকমের গান। যেমন— খ্যামটা, বন্ধুনাচারি, দেহতত্ত্ব, মনোশিক্ষা, ভাওয়াইয়া চট্কা ও দরিয়া, কীর্তন গান প্রভৃতি এই আঙ্গিকের মধ্যে পড়ে । এই অনানুষ্ঠানিক গানগুলির মধ্যে অনেক সময় তাৎক্ষণিক গানও তৈরি করে গাওয়ার প্রচলন আছে। সমাজের নানা সমস্যার কথাও এই গানগুলির মাধ্যমে তুলে ধরা হয়। অনানুষ্ঠানিক গানের আর একটি অন্যতম বিশেষত্ব হলো একঘেয়েমি কাটানোর জন্য হাস্যরস সৃষ্টির কারণে খোসাগান গাওয়া হয়। যেগুলি গীদাল বা মূল গায়ক পরিস্থিতি অনুযায়ী প্রয়োগ করে থাকে। নিম্নে একটি ছকের মাধ্যমে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক গানগুলিকে তুলে ধরা হলো—

মদনকামের গান

১. আনুষ্ঠানিক গান

১.১ মদনকামের জন্ম কথা,
১.২ বাঁশের জন্ম কথা,
১.৩. কাপড়ের সিজ্জন(জন্ম) গান,
১.৪ নাড়ু তৈরির গান,
১.৫. বরণ করার গান ইত্যাদি।

২. অনানুষ্ঠানিক গান

২.১ কীর্তনের গান,
২.২ দেহতত্ত্বের গান,
২.৩ ভাওয়াইয়া গান,
২.৪. বন্ধুনাচারী বা খেমটা গান ইত্যাদি।

মদনকামের গানের বৈচিত্র্য অনুযায়ী নানা রকমের মদনকামের গানের দল গড়ে উঠেছে। সেগুলি নিম্নরূপ—

মদনকামের গানের দল

১. মোটাজাগের দল,
২. জাগের দল,
৩. কামদেবের দল,
৪. টিন বাজার দল,
৫. ক্যানবাজের দল,
৬. ঢুলুয়ার দল।

মদনকামের প্রতিটি দলই আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক গান পরিবেশন করে থাকে।

মদনকামের পুজো ও পুজোপকরণ:

চৈত্রমাসে শুক্ল ত্রয়োদশী তিথিতে মদনকামের পুজো শুরু হয়। চতুর্দশী তিথিতে দুটি বড় বাঁশ কাটা হয়। বাঁশদুটি বাঁকানো থাকলে আগুনে শেক দিয়ে সোজা করা হয়। বাঁশ দুটি ২৫-৩০ হাত লম্বা। এই মাপের কমবেশি হয়। তবে মাপ সব সময় বিজোড় সংখ্যায় রাখতে হয়। যেমন— ১১ হাত, ১৩ হাত, ১৭ হাত বা ২১ হাত লম্বা হবে। এক হাতের মাপ সব সময় ১৮ ইঞ্চির সমান হিসেবে ধরা হয়। যদিও প্রত্যেক মানুষের শরীরের চেহারা অনুযায়ী হাতের দৈর্ঘ হয়ে থাকে। একহাত মাপ ধরা হয় হাতের কুনুই থেকে মাঝ আঙুলের শেষ প্রান্ত পর্যন্ত। দুটি বাঁশের একটিকে লম্বা রেখে অপরটিকে বেঁটে বা

খাটো রাখা হয়। লম্বা বাঁশটি পুরুষ দেবতা মদনকে প্রতীক হিসেবে ধরা হয়। আর অপেক্ষাকৃত কম লম্বা বাঁশটিকে মহিলা দেবতা রতির প্রতীক হিসেবে ধরে নেওয়া হয়। প্রচলিত বিশ্বাস অনুযায়ী পুরুষের থেকে নারী সব সময় খানিকটা কম লম্বা হয়। কোনো লম্বা মহিলার সঙ্গে বেঁটে পুরুষের বিবাহ কদাচিৎ দেখা যায়। রাজবংশী সমাজের এই প্রচলিত বিশ্বাস থেকে দুটি বাঁশের একটিকে একটু লম্বা রাখা হয়। দুটি বাঁশ মাটিতে পুঁতে নিচটাকে ঢিবির মতো করা হয়। তাদের মাঝখানে কামদেবের লিঙ্গ প্রতীকী হিসেবে একটি গাছের ডালকে রাখা হয়। এই গাছের ডালটি বাঁকানো থাকে। যার অগ্রভাগ লিঙ্গের মতো দেখতে হয়। বাঁশদুটি লাল শালুক কাপড়ে মুড়িয়ে দেওয়া হয়। বাঁশের মাথায় থাকে চমড়ি গাই-এর লোম দিয়ে তৈরি চঙর বা চামর। তীর ধনুক ও পান-সুপারি বেঁধে দেওয়া হয়। তীরের অগ্রভাগ দুটি খণ্ড করে কাঁচা সুপারির সঙ্গে আমের পল্লব, ফুলের মালা বাঁশ দুটির সঙ্গে বেঁধে রাখতে হয়। বাঁশের মাথায় চঙর বা চামর বাঁধা থাকে। আতপ চালের গুঁড়োর সঙ্গে দুধ, কলা, চিনি, গুড় ও ভাঙ্ বা গাজা মিশিয়ে তৈরি করা হয় প্রসাদ হিসেবে নাড়ু। পুজো করেন ব্রাহ্মণ বা অধিকারী। ত্রয়োদশী থেকে বাঁশের পুজো বা অধিবাস শুরু হয়। বাঁশ জাগানোর গান হয় সারা রাত ধরে। চতুর্দশীর দিন হোমযজ্ঞ করা হয়। তার পর পঞ্চমীর দিন থেকে বাঁশ নিয়ে পাড়ায় পাড়ায় গান করে মাগন তোলা হয়। মাড়েয়া উপোস থেকে পুজো করে। এই উপলক্ষে সারারাত ধরে বাঁশ জাগানোর গান করা হতো। বর্তমানে অবশ্য এই প্রচলন নেই বললেই চলে। শুধু নিয়ম রক্ষার জন্য কয়েকটি গান করা শেষ করা হয়।

আনুষ্ঠানিক গানগুলি নিয়ে এখন আমরা আলোচনা করবো—

মদনকামের জন্ম:

‘‘রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
মদনকামের জন্ম হৈল বলো হরি হরি।।
হরির পুত্র মদনকাম রুক্মীনি তার মাও।
চৈত্র শুক্লা ত্রয়োদশীতে জন্মিলেক সেই ছাও।।
তিন দিনেতে নাউআ আসিয়া অ্যাক কামান দিল।
ছয় দিনের পর সপ্তম দিনে দু-কামান হইল।।
মুনিঋষি এই ছাওয়ার রাখিলেক কত নাম।
হাততে জাব পাকেয়া দিলেক জ্যাটো বলরাম।।

আঈ মাও রুক্মীনি বড় ফম পাসেরা নারী।
অ্যাকদিন কোটেবা ব্যাড়ের গেইচে ছাওয়াটাক ঘরত ছাড়ি।।
সম্বরাসূর দৈত্য আসি হরিলেক সেই ছাও।
নিক্ষেপ করিলেক তাক সমুদ্রের অথাও।।
বোয়াইল মাছে সেই ছাওয়াক নিলেক প্যাটত পুরী।
চৌপড়ী শিব ধীবর সাজিল সেই বোয়াইলক ধরির।।
জালত ফান্দেয়া ধীবর বোয়াইল মাছ ধরিল।
শিব-ধীবরের কাছ থাকে তাক সম্বরাসূরে কিনিল।।
কামের স্ত্রী রতি দেবী মায়াবতী রূপ ধরি।
সম্বরাসূরের বউয়ের হৈচে আন্দুনী পড়-ঘরী।।
বোয়াইল মাছক পায়া মায়াবতী সেইনা প্যাট চিড়িল।
মাছের প্যাটত মানুষের বাচ্চা কোঁয়া কোঁয়া করিল।।
নিপুত্রক সম্বরাসূর পালন করে সেই সন্তান।
নারদ মুনি জানে এসব কথা রহস্য সন্ধান।।
পালিত পুত্র মদন হস্তে মরিবে সম্বরাসূর।
ইন্দ্ররাজের আপদ হৈবে স্যালা দূর।।
তায় হস্তে ধনুক কোছে বাটুল নামিল মদনকাম।
তিন নামেতে জাগিল মদন শিব-কৃষ্ণ-বলরাম।।
রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
মদনকামের হৈবে জয় বলো হরি হরি।।”[৩২]

গানের মূল বিষয়টি আলোচনা করলে পাওয়া যায়— হরি অর্থাৎ কৃষ্ণের ও রুক্মীনির সন্তান মদনকাম। চৈত্র মাসের শুক্লা ত্রয়োদশী তিথিতে তার জন্ম। তিন দিন ও সাত দিনের মাথায় নাপিত এসে মাথার চুল নেড়া করে দিয়ে যায়। রাজবংশী সমাজের এটা একটা লোকাচারও বটে। বাচ্চার মাথা নাপিতকে দিয়ে নেড়া করালে অশৌচ দূর হয়। জেঠু অর্থাৎ বাবার বড় ভাই বলরাম তাকে সুতোর মধ্যে মন্ত্রসহ একধরনের গিঁট দিয়ে জাব অর্থাৎ সুতোটাকে মন্ত্রসহ ঝার-ফোঁক করে হাতে বেঁধে দেয়। এই সুতোটি ধারণ করলে বিভিন্ন রকম বিপদ থেকে রক্ষা পাওয়া যায়। যেমন— ভয়-ভীতির দরুণ

হালকা রকমের জ্বর ইত্যাদি রোগ বাচ্চার হবে না। মুনি ঋষিগণ অনেকে নানা রকমের নাম রাখল। এরই মধ্যে মাতা রুক্মীনি একদিন মদনকে ঘরে ছেড়ে বেড়াতে গেছে। এই সুযোগে সম্বরাসুর দৈত্য এসে মদনকে চুরি করে নিয়ে সমুদ্রে নিক্ষেপ করলো। সঙ্গে সঙ্গে বড় মাপের একটা বোয়াল মাছ মদনকে গিলে ফেলল। এবার শিব ছদ্মবেশ ধারণ করে ধীবররূপে জাল দিয়ে বোয়ালকে ধরলো এবং সম্বরাসুরের কাছে তা বিক্রি করলো। ইতিমধ্যে কামের স্ত্রী রতিদেবী মায়াবতী ছদ্মনামে সম্বরাসুরের বাড়িতে কাজের লোক হিসেবে নিযুক্ত হলো। ফলে বোয়াল মাছের পেট চিঁড়ে উদ্ধার করে মদনকে লালন-পালন করার দায়িত্ব পায় মায়াদেবী। সম্বরাসুর নিঃসন্তান ছিলেন। তাই তিনি সাদরে পোষ্যপুত্র হিসেবে পালন করে। পালিত পুত্রের হাতেই সম্বরাসুরের মৃত্যু হবে— এসব কিছুই নারদমুনি জানেন। সম্বরাসুর মারা গেলে দেবরাজ ইন্দ্রের আপদও দূর হবে। এই কারণেই হাতে ধনুক, কাঁধে বাটুল নিয়ে স্বর্গের মদনকামদেব মর্ত্যে নেমে এলেন। শিব-কৃষ্ন-বলরাম— এই তিন জনের নামেই মদন জেগে উঠলো। অবশ্যই মদনকামের ইচ্ছা পূরণ হবে বলে— রাম-হরি-মুকন্দ-মুরারী সকলই আশা করে।

মদনকামের জন্ম কথা সম্পর্কে অপর একটি গানে পাওয়া যায়—

"হে হস্তে চঙর ধরি মদনমোহন প্রণাম করি।
এসো এসো মদনমোহন হরি।
হংস পেঁচা বাহনে বন্দং লক্ষ্মী-সরস্বতী
ময়ূর বাহনে বন্দং কার্ত্তিক সেনাপতি
ইঁদুর বাহনে বন্দং গনেশ মতি বাঘবাহনে
বন্দনা করং মাও ভগবতী
মহিষ বাহনে বন্দং যম বন্দং
বৃষব বাহনে বন্দং ভোলা মহেশ্বর
আকাশে বন্দং তারা পাতালে বন্দং বালা
পূর্ব দিকে বন্দং ভানু ভাষাংকর
উত্তরে বন্দং কালীকা বন্দং
দক্ষিণে সাগর বন্দং।
পশ্চিমে বন্দনা করং পীরবাবা মোকাক
৮০ হজার পীর বন্দং করিয়া ছালাম।

আসরে চার মোকা বন্দং মধ্যে বাসস্থান দশবাপ ভাই
চরণ বন্দং করিয়া প্রণাম।
ছোট বড় গুণিক বন্দং দেশের বাপ-ভাই
মোর লাগিবে ধর্ম হিংসা ধম্মের দোহাই।
আসরে বসিয়া আছে হিন্দু-মুসলমান
হিন্দুরে প্রণাম জানাই মুসলিমে ছালাম
হে হস্তে চঙ্র ধরি মদনমোহন প্রণাম করি
এসো এসো মদনমোহন হরি
আমরা মদনমোহন কীর্তন করি সকলের কৃপায়
কৃপা কর মোর অধমেরে।
শঙ্ক-চক্র-গদা-পদ্ম চারি হাতে ধরি
মুনিগণে নাই পাই চরণ বুলি
বিন্দু রূপে মদনের জন্ম হইল প্রথমে
উদ্ধারিত চতুরমুখ প্রলয় জগতে;
একনাম ভগত রামের এক থুইয়া কয়
দুই নাম ভগত রামের দুই থুইয়া কয়
তিন নাম ভগত রামের তিন থুইয়া কয়
চার নাম ভগত রামের চার থুইয়া কয়
পাঁচ নাম ভগত রামের পাঁচ কলা পুলি
ছয় নাম ভগত রামের ছয় কলা থুইয়া গেল
সাত নাম ভগত রামের সপ্তর্ষি খেলা
আট নাম ভগত রামের অষ্টগ্রহ হয়
নয় নাম ভগত রামের নবগ্রহ হয়
দশ নাম ভগত রামের কলঙ্ক ফুরায়
দশ মাস দশ দিন পূর্ণ হয়ে গেল
ঠাকুরের জন্ম সেই দিবসে হইল।

রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী
ঠাকুরের জন্ম হইল বলো হরি হরি
ও প্রভু মদনমোহন হা ...।
হে মা হস্তে চঙ্র ধরি মদনমোহন
প্রণাম করি এসে এসো মদনমোহন হরি।।”[৩৩]

হাতে চঙ্র বা চামর নিয়ে মদনকাম গানের মূল গায়ক অর্থাৎ গীদাল বন্দনা করেন। মঞ্চে প্রত্যেক দেবতাকে এভাবে আহ্বান করেন— মদনমোহনকে প্রণাম করি আসরে উপস্থিত হওয়ার জন্য আহ্বান জানানো হয়। পেঁচা বাহনে লক্ষ্মী, হংস বাহনে সরস্বতী, ময়ূর বাহনে সেনাপতি কার্তিক, ইঁদুর বাহনে গনেশ, বাঘ বাহনে ভগবতী দেবীকে আরাধনা করার কথা বলা হয়। এছাড়া মহিষ বাহনে যম, বৃষ বাহনে ভোলানাথ, আকাশের তারা ও পাতালের বালিকে বন্দনা করা হয়। চতুর্দিক বন্দনা প্রসঙ্গে পূর্ব দিকে সূর্য দেবকে, পশ্চিম দিকে পীর বাবা, উত্তরে কালিকা, ও দক্ষিণে সাগর বন্দনার কথা বলে থাকে। এর সঙ্গে আশি আজার পীরকে ছালামের পাশাপাশি মঞ্চের চার কোণা ও উপস্থিত দর্শকদের চরণেও প্রণামের মাধ্যমে বন্দনা করা হয়। দর্শকদের মধ্যে ছোটো-বড়, পিতৃস্থানীয় ও জ্ঞানীগুণি ব্যক্তিরাও বন্দনা থেকে বাদ যায় না। দর্শকদের মধ্যে জাতি-ধর্ম নির্বিশেষে হিন্দুকে প্রণাম ও মুসলিমকে ছালাম জানিয়ে বন্দনা করা হয়। সকলের কৃপায় মূল গায়ক গান করতে চান। এইজন্য গায়ক নিজেকে অধম বলে পরিচয় দিতেও কুণ্ঠা বোধ করে না।

শঙ্খ-চক্র-গদা-পদ্ম বেশ ধারণকারী বিষ্ণুকে আরাধনা করা হয়। জগৎকে প্রলয় হতে উদ্ধার হেতু তার জন্ম হয়েছিলা। বিষ্ণুর অবতার হিসেবে একেক যুগে একেক নামে আবির্ভাব ঘটেছিলো। তারই পরিচয় হিসেবে আলোচ্য গানে পাওয়া যায়। এরই মাঝে মদনের দশমাস দশ দিন পূর্ণ হলে মদনকাম ঠাকুরের জন্ম হলো।

ড. গিরিজাশংকর রায়ের “উত্তরবঙ্গে রাজবংশী ক্ষত্রিয় জাতির পূজা-পার্বণ” গ্রন্থে মদনকাম ঠাকুরের সংগীতাংশে মদনকামের জন্ম সম্পর্কে নিম্নরূপ তথ্য পাওয়া যায়—

“জয় জয় জয় বন্দোং রাম জয় জয় জয় বন্দোং রাম।
জয় জয় জয় বন্দোং জয় জয় বন্দোং জয় সে অরূল।।
প্রথম গঙ্গাক প্রণাম করং পদ হয়া যাক সুদ।
প্রথম গঙ্গাক প্রণাম করং পদ হয়া যাক সুদ।।

প্রথম গঙ্গাক প্রণাম করং নরগণপতি।
পূবেরে অরূলা বন্দং লক্ষ্মী সরস্বতী।।
রাম বন্দং হরি বন্দং মুকুন্দ মুরারী।
মদনকামের জন্ম কথা বল হরি হরি।।
উবজিল ঠাকুর মদনকাম বল হরি হরি।।
উবজিল ঠাকুর মদনকাম হৈল সুদ্ধি ফুল।
গৌর যুগে যে চন্দ্র যুগ চন্দ্র যুগে চুল।।
পাচেরে পাচ্‌রা মদনের গায়ে সে আবরণ।
মাতায় হারিয়ার চর কোচা পরিধান।
উপত সুন্দর তনু মদনমোহন।।"[৩৪]

ড. গিরিজাশংকর রায়ের গ্রন্থের মধ্যে মদনকামের গানের যে জন্মকথা পাওয়া যায়, তাতে রামকে, সূর্যকে, গঙ্গাকে বন্দনা করে বিশুদ্ধ হওয়ার কথা বলা হয়েছে। লক্ষ্মী-সরস্বতী ও মুরারী-মুকুন্দকে বন্দনা করেই মদনকামের জন্মের কথা বলা হয়েছে। মদনের জন্মের পর গৌর যুগ ও চন্দ্রযুগকে একাকার করে দেখানো হয়েছে। মদনের গায়ে নানা রকম আভরণের কথা বলা হয়েছে। এই মদনের সুন্দর রূপের পরিচয় পাওয়া যায়।

ড. সুখবিলাস বর্মার 'জাগ গান' গ্রন্থে মদনকামের জন্ম সম্পর্কে যে আনুষ্ঠানিক গানটি পাওয়া যায়— তা নিম্নরূপ:

''ত্রিশকোটি দেবতার বন্দিলোং চরণ।
কামদেবের জন্ম হইল কৃষ্ণের নন্দন।
উপজিল গোঁসাইর কুমার রমণীর উদরে
যেই মাসে গৃহস্থের না থাকিবে ভাত
সেই মাসে কামদেব পূজা পাবি তাত
গলায় পুষ্পের মালা সুন্দর রূপ ধরি
পূজা খাবার কামদেব গেল গৃহস্থের বাড়ী।
প্রথমে বন্দোং বাঁশ গোঁসাইর চরণ
যাগ-যজ্ঞ করে গোঁসাই হরষিত মন।"[৩৫]

ড. সুখবিলাস বর্মা তাঁর 'জাগ গান' গ্রন্থে মদনকামের জন্ম সম্পর্কে যে গানটি উল্লেখ করেছেন তা হলো একই সঙ্গে ত্রিশ কোটি দেবতার বন্দনা করে কৃষ্ণের নন্দন হিসেবে কামদেবের জন্ম হয়। তাঁর রমণী বলতে শ্রীকৃষ্ণের স্ত্রী রুক্মীনি দেবীর সন্তান হিসেবে দেখানো হয়েছে। গৃহস্থের ঘরে যে মাসে খাবার থাকবে না অর্থাৎ চৈত্র মাসে পুজোর পাওয়ার কথা গানটিতে বলা হয়েছে। সৌন্দর্যবান কামদেব গলায় পুষ্পের মালা পরিধান করে গৃহস্থের বাড়িতে পুজো গ্রহণ করার জন্য উপস্থিত হয়। তারপরে বাঁশ বন্দনার ও যাগ-যজ্ঞের কথা বলা হয়েছে।

মালাগিরিবরের সন্তান কামনা—

বাঁশ সিজ্জন/সির্জন বা সৃষ্টি :

"ও কি গিরিবর হা হা........
মদনে উঠিয়া বলে মালা গিরিবর
চৈত্রমাস আসিয়া পড়িল বাঁশ সিজ্জন কর;
একথা শুনিয়া মালা না থাকিল রইয়া
বাঁশ সিজ্জন করিবে বলি চলিল হাটিয়া
ইডু বিডু গাড়ে বাঁশ তরল মাকেলা
বড় বাঁশ গাড়ে তখন সেবে মারল ভালা
রামে গাড়ে বাঁশখানি লক্ষ্মণে ছেকে পানি
দিনে দিনে বাড়ে তখন খেলার বাঁশখানি
রাম বল হরি বল মোকুন্দ মুরারি
ঠাকুরের বাঁশ সিজ্জন জফিয়া বল হরি হরি।"৩৬

—এখানে মদনকামদেব গিরিরাজ হিমালয়কে পুজো করার জন্য আজ্ঞা দেওয়ার কথা বলা হয়েছে। চৈত্রমাস এসে পড়ল তাই বাঁশের জন্ম দিয়ে মদনের পুজোর ব্যবস্থা করতে হবে। গিরিবর অনেকটা স্বপ্নাদেশ মনে করে বাঁশ সৃষ্টি করার জন্য চারদিকে ছুটে বেড়াতে লাগলো। নানা প্রজাতির বাঁশ আছে। যেমন— ইডু বাঁশ, বিডু বাঁশ, মাকলা বাঁশ, বড় বাঁশ। এই সকল বাঁশ আবার স্বয়ং রামচন্দ্র রোপন করে এবং লক্ষণ জলসেচ করার দায়িত্ব পালন করে। এইভাবেই ঠাকুরের বাঁশ সৃষ্টি হয়ে গেলে পুজোর উপকরণ সৃষ্টির জন্য ব্যবস্থা চলতে থাকে। বাঁশের সৃষ্টি বা বাঁশের জন্মকথা অপর একটি গানে পাওয়া যায়—

মালগিরিবরের পুত্র কামনা:

‘‘কলকাপুরীতে আছিল এ্যাক জমিদার।
মনেতে দুঃখ বড় পুত্র নাই তাঁর।।
ঘরেতে ঘরনী আছে মেনকা সুন্দরী।
দিন রাত কাটে তার বুকে দুক্ক ধরি।।
কোন দেবতায় খণ্ডাইবে এই দুক্কভার।
চৌপাড়ী গণকের কাছত অ্যাকদিন গ্যাল জমিদার।
চৌপাড়ী গণক কয় শুনো মালাগিরি।
শুনো শুনো সতী-সাধ্বী মেনকা সুন্দরী।।
দুইজনে জোড় হস্তে মদনকামক করো মানাচিনা।
পুত্রসন্তান হয় না কভু মদনকাম বিনা।।
বাড়ি ফিরি যায় মালা আর মেনকা সুন্দরী।
মদনকামক মানস করে জোড়-হস্ত করি।।
যদি ঠাকুর মদনকাম ঘরে পুত্র হয়।
আতপ চাল গাভীর দুগ্ধে পুজিব নিশ্চয়।।
দিন যায়, রাইত যায়, আরো যায় মাস।
পুত্রসন্তান লাগী বড়য় হাবিলাস।।
এই ভাবেতে দুই জনার দিন কাটি যায়।
একদিন রাইতে মদনকাম স্বপন দেখায়।।
মদনকাম বলে ব্যাটা মালাগিরিবর।
ঘরে যদি পুত্র চাও বাঁশের পূজা কর।।
মদনকাম বলে ব্যাটি মেনকা সুন্দরী।
সুত্রবতী হও মাগো বাঁশের পূজা করি।।
মদনকামের বচন শুনিয়া মালাগিরিবর।
বাঁশের জন্ম-কথা পুচিল অতপর।।

এদেশেতে নাই বাঁশ আছে নাকি সমুদ্র ওপাড়ে।
সেই বাঁশক কলকাপুরে কেবা আনিতে পারে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব?
বাঁশবিনা তোমার পূজা কেমনে করিব।।
বাঁশ কেনে নাগে ঠাকুর বাঁশ কেনে নাগে।
বাঁশের বদলে তোমাক ঠাকুর পূজিম মূর্তি জাগে।।
বাঁশ কোথা পাব ঠাকুর বাঁশ কোথা পাব।
বাঁশ বিনা তোমাক ঠাকুর মূর্তিতে পূজিব।।
মদনকাম বলে ব্যাটা মালাগিরিবর।
বাঁশের জন্ম কথা এবার শ্রবণ কর।।
বৃহস্পতি যজ্ঞ— শেষে বাঁশের জন্ম হইল।
সেই বাঁশের চব্বিশ পোড় বিড়াইল।।
সাত পোড়েতে রামের ধনুক, সাত পোড়েতে পরশুরামের বাণ।
আর সাত পোড়েতে অর্জুনের গাণ্ডীব করিলেক নিরমান।।
দুই পোড়েতে নারদের বীণা স্বর্গে-মর্ত্যে অ্যাকাকার।
এক পোড় নিলেক কৃষ্ণমুরারী বাঁশী বাজেবার।।
সেই বাঁশের মুড়া তুলি বৃহস্পতি সমুদ্রে ফ্যালাইল।
বাঁশের মুড়া থাকি তখন যত অপ্সরা-অপ্সরী জন্মাইল।।
লক্ষ্মীদেবী উঠি আইসে সমুদ্র-মন্থন শেষে।
অপ্সরা-অপ্সরী উঠি আইসে নাচন-কুদন বেশে।।
স্বর্গলোকের অপ্সরা-অপ্সরী মর্ত্যলোকত বাঁশ।
তার সাথে পূজা খাবার মোর বড়ই হাবিলাস।।
তায় শুন ব্যাটা মালাগিরিবর।
সেই বাঁশক নিয়া আসি মোর পূজা কর।।”[৩৭]

—এই গানটিতে পাওয়া যায় যে, সন্তান কামনার জন্য কলকাপুরি নামে কোনো এক জায়গার জমিদার মদনকাম ঠাকুরকে পুজো করে। জমিদারের নাম মালাগিরিবর ও তার স্ত্রীর নাম মেনকা সুন্দরী। সন্তান

নেই বলে তাদের দুঃখেরও সীমা ছিল না। এই সমস্যা সমাধানের জন্য জমিদার এবার জ্যোতিষীর বা গণক ঠাকুরের শরণাপন্ন হলো। গণকের নাম চৌপড়ী। তিনি জমিদারকে বলেন যে, দুজনে হাত জোড় করে মদনকাম ঠাকুরকে মানত করলে পুত্র সন্তান পাবে এবং এও বলেন যে, মদনকামকে আরাধনা ছাড়া পুত্র প্রাপ্তি সম্ভব নয়। জ্যোতিষীর আজ্ঞানুযায়ী তাঁরা বাড়িতে গিয়ে মদনকাম দেবতাকে মানত করেন। সেই সঙ্গে এও স্বীকার করেন যে, ঘরে পুত্র সন্তান হলে আতপচাল ও গাভীর দুগ্ধ দিয়ে পূজা দিবেন। এরপর অনেক দিন ধরে তারা আশায় আশায় থাকেন সন্তানের জন্য। তারপর একদিন মদনকাম দেবতা মালাগিরিবরকে স্বপ্ন দেখায় যে ঘরে পুত্র চাইলে বাঁশের পুজো দিতে হবে। তখন তারা মদনকাম দেবতার কাছে বাঁশ কোথায় পাবে জানতে চায়। কারণ কলকাপুরীর দেশে কোথাও বাঁশ পাওয়া যায় না। সুমুদ্রের ওইপাড়ে বাঁশ পাওয়া গেলেও সেখান থেকে নিয়ে আসা প্রায় অসম্ভব। সেই বাঁশবিনা পুজো কেমন করে সফল হবে। এইজন্যে মালাগিরিবর বলেন যে, ঠাকুরের মূর্তি প্রস্তুত করে পুজোর আয়োজন হোক। মদনকাম এবার বাঁশের জন্ম বৃত্তান্ত বললেন যে, বৃহস্পতি যজ্ঞ শেষে চব্বিশ পোড়ের বাঁশ সৃষ্টি হয়েছিল। তার মধ্যে সাত পোড় দিয়ে রামের ধনুক, সাত পোড় দিয়ে পরশুরামের বাণ, সাত পোড় দিয়ে অর্জুনের গাণ্ডীব তৈরি হয়েছিলো। স্বর্গ-মর্ত্যে বিরাজমান নারদমুনির বীণাযন্ত্র দুই পোড় দিয়ে তৈরি হয়েছিল। আর এক পোড় দিয়ে কৃষ্ণের বাঁশি তৈরি হয়। দেবগুরু বৃহস্পতি বাঁশের মুড়ো অংশটি সমুদ্রে নিক্ষেপ করলে অনেক অপ্সরা-অপ্সরীর জন্ম হয়। সমুদ্র-মন্থন শেষে লক্ষ্মীদেবী যেমন উঠে এসেছিলো, তেমনি স্বর্গের অপ্সরা-অপ্সরী হলো মর্ত্যলোকের বাঁশ। এই বাঁশের প্রতীকেই মদনকাম পুজো পাওয়ার জন্য ইচ্ছা প্রকাশ করেছে।

বাঁশের জন্মকথা সম্পর্কে ড. সুখবিলাস বর্মা তাঁর 'জাগ গান' গ্রন্থে যে 'বাঁশ সৃজন' গান সংগ্রহ করেছেন উক্ত গ্রন্থে পাওয়া যায়—

''জয় বন্দং জয় বন্দং জয় বন্দং রাম
জয় দিয়া বান্দিয়া কং আনন্দ ধরম।
উপজিল মদন ঠাকুর হাতে সুন্দি ফুল
হাতে পদ্ম পায়ে পদ্ম পদ্ম নভোস্থল।
সুবর্ণের পাছেরা মদন গায়ের উরণ
বারো শত দেবতা নিয়া বসিল দেওয়ান।

বারো মাসে বারো তীর্থ নিল তো বাটিয়া
চৈত্র মাস না নিল কেহ বড় আকালিয়া।
যদিরে মদন ঠাকুর এ নাম বাড়াং
আশি কালিয়া বুড়া মুই তিন ঝাপ ঝাপাং।
কলিত্ উপজিল মালির ছাওয়া না জানে ডাইন বাম
বাপ মায়ে বাছিয়া থুইল মালাগিরি নাম।
তোক্ বলোং ওরে বাছা, মালা গিরিবর
পৃথিবীতে বাঁশ নাই তুই বাঁশ সৃজন কর।
কতেক দূর যায়য়া মালা আরো দূর যায়
আর কতক দূর যায়য়া মালা ব্রহ্মার লাগ পায়।
ব্রহ্মার সেবা করে মালা ভিজা বস্ত্র লইয়া
মালার সেবা দেখিয়া ব্রহ্মার মনে হইল দয়া।
এত্তি চাপি বইস্ মালা এত্তি চাপি বইস্
কি কারণে করিস সেবা স্বরূপ করিয়া কইস্।
সুন্দর সুঠাম তনু মদন গোপাল
চৈত্র মাস আকালিয়া যার হৈল ছাওয়াল।
এ তিন ভুবনে প্রভু বাঁশের পুলি নাই
তে কারণে মদন গোঁসাই পাঠাইল তোমার ঠাঁই।
তোক্ বলোং ওরে বাছা মালাগিরিবর
মোর সেবা ছাড়িয়া তুই বিষ্ণুর সেবা কর।
(এমনি করে ব্রহ্মা বিষ্ণুর কাছে,
বিষ্ণু শিবের কাছে এবং শিব
নদীর কাছে পাঠালেন মালাগিরিকে)
নদীর নিকট যাওয়ার পরে—
অথাও দরিয়ার পানী সেও থাও হইল
নানা জাতি বাঁশের পুলি পাইতে লাগিল।

ইরু বাঁশ, বিরু বাঁশ তুলিল বিস্তর
মাকলা বড়ো বাঁশ তুলি সাজাইল ভার।
ভার সাজাইল মালাগিরি আনন্দিত মন
আপোনার বাড়ী বুলি করিল গমন।
মালাগিরি খোঁড়ে গাত্ মদনকামে রোয়
বাঁশ নিয়া মদন গোঁসাই সারি সারি বসায়।"[৩৮]

—এখানে আলোচ্য গীতটিতে দেখা যায় যে, রাম ও ধর্মদেবকে বন্দনা করে মদনকাম ঠাকুরের জন্ম হয়। মদনের হাতে সুন্দরী ও পদ্ম ফুল, পায়ে ও নাভিস্থলেও পদ্মফুল ধারণ করে আবির্ভূত হলেন। পরণে সুবর্ণের কাপড় পরিধেয় মদনকামের আকালীয়া মাসে অর্থাৎ চৈত্র মাসে (অভাবের মাস) পুজো পাওয়ার জন্য মর্ত্যলোকে এলেন। দেওয়ান নামে দেবরাজ বারোশত দেবতাকে নিয়ে সভায় বসে বারো মাসে বারো তীর্থ সকলে বন্টন করে নিলো। কিন্তু চৈত্র মাস বড় অভাবের মাস বলে কেউ ওই মাসে পুজো নিতে রাজি হলো না। তাই মদন এই অভাবের মাসেই পুজো নিতে স্বীকৃত হলো। মদনকামের নাম নিলে আশি বছরের বৃদ্ধ লোকেরাও ভরা যৌবন প্রাপ্ত হয়। কলিযুগে কোনো এক মালীর ঘরে মালাগিরিবরের জন্ম হলো। তাঁকে তাঁর বাবা-মা মালাগিরি নামই রেখেছিলেন। এবার মদনকাম মালাগিরিকেই মর্ত্যলোকে বাঁশ সৃজন করতে বললো। মদনের আজ্ঞা পেয়ে মালাগিরি বাঁশের সন্ধানে বেড়িয়ে পরে। অবশেষে ব্রহ্মার কাছে গিয়ে তাঁর সেবা-শুশ্রূষা করতে লাগলেন। ব্রহ্মা তার আগমনের কারণ জানতে চাইলেন। ব্রহ্মা বাঁশের সৃজন করার জন্য মালাগিরিকে বিষ্ণুর কাছে পাঠালেন। এভাবেই বিষ্ণু আবার শিবের কাছে, শিব অবশেষে নদীর কাছে পাঠালেন। মালাগিরি নদীর কাছে গেলে যেখানে গভীর জল আছে, সেখানেও জলের পরিমাণ কমে গেল। নদীর মাঝখানে নানাজাতের বাঁশের চারাগাছ পেতে লাগল। যেমন— ইরু বাঁশ, বিরু বাঁশ, মাকলা বাঁশ, বড়ো বাঁশ ইত্যাদি বাঁশের চারাগাছ। এগুলি ভাড় সাজিয়ে আনন্দিত মনে নিজের বাড়ির দিকে চললো। বাড়িতে মালাগিরি বাঁশ রোয়ার জন্য গর্ত খুঁড়ে আর মদনকাম সেই বাঁশের চারাগাছ সারি সারি রোয়। এভাবেই বাঁশের চারাগাছগুলো থেকে অজস্র বাঁশের জন্ম হতে থাকে। আর এই বাঁশকেই মদনকামের বাঁশ হিসেবে মর্ত্যলোকে পুজোর প্রচলন শুরু হয়। এরপর বাঁশকে বাঁশ ঝাড় থেকে কেটে এনে পুজো দেওয়ার গানে পাওয়া যায়—

"মদনকামে বলে বেটা মালাগিরবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।

কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রইয়া।
কান্দে বাইশ কুড়াল নিয়া চলিল হাঁটিয়া।।
উত্তর আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।
কখয়া বাঁশের গোড়ে দিয়া বোল হেওঁ।।
কখয়া বাঁশে উঠিয়া চেঁচেয়া করে আও।
মুঞি না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রয়া।
পশ্চিমের আড়া নাগি শিগগির গেল ধায়া।।
বেড়ু বাঁশের গোড়ে দিয়া বোল হেও।।
বেড়ু বাঁশে উঠিয়া চেঁচেয়া করে আও।
মুঞি না হইম তোর পূজার বাঁশ না কাটিস মোক।।
কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রয়া।
দক্ষিণের আড়া লাগি শিগগির গেল ধায়া।।
মাকলা বাঁশের আড়ায় বাড়েয়া দিল পাও।
মাকলা বাঁশে উঠিয়া চেঁচেয়া করে আও।।
মুই হইম তোর অঙ্গের চাইলন মোকে কাইট্যা জেও।
গোরাত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গুরুয়া বলিয়া।
আগাল খানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
মধ্যখানি ফেলাইল বাঁশের ডোমের ঘরের ভিতি।
ডোমেরঘর গরেয়া দিলে অঙ্গের চাইলন বাতি।।
মদনকামে বলে বেটা মালাগিরিবর।
দেশত নাই মোর বাঁশের পূজা বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রয়া।
কান্দে বাইশ কুড়াল লয়া চলিল হাঁটিয়া।।

পূবের আড়াতে যায়া বাড়েয়া দিল পাও।
বড় বাঁশের গোড়ে দিয়া বোলে হেওঁ।।
বড় বাঁশে উঠিয়া চেঁচিয়া করে আও।
বাঁশ কাটিবার আচ্‌চিস বেটা গায়ে করিয়া বল।।
এক ঝিকে নটকে আকিম বেলা আড়াই পড়।
গাঁজা লোকা তরুণ বাঁশ চিনিয়া কাটিস গোড়।।
গাওত নীল বরণ পূবে ঘরে শিখর।
সেই বাঁশ কাটিস বেটা মালাগিরিবর।।
গোড়ত চোটাইল বাঁশের আগাল ঢুলিল।
হরি হরি বলি বাঁশ ভূমিত পড়িল।।
গোরখানি ফেলাইল বাঁশের গুরুয়া বলিয়া।
আগাল খানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
মধ্যখানি নিল বাঁশের নীলবরণ বলিয়া।
আগালখানি ফেলাইল বাঁশের আগাইল্যা বলিয়া।।
কেহ নিল বাঁশ ঘারে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ বাড়ি লইয়া যায়।।
রবি ঝালায় বাঁশ কলইলে শুকিয়া।
বর্ষ্মা ঝালায় বাঁশক লইলে সেকিয়া।।
যোগনের কাটাইর দিয়া নীল ফেলায় চেচিয়া।
চেচিয়া ছিলিয়া বাঁশের করিয়া খাড়ু।
হেনকালে আইল মদনকামের খেড়ু।।
কেহ নিল বাঁশ ঘাড়ে কেহ গান গায়।
হরি হরি বলি বাঁশ গঙ্গায় লইয়া যায়।।
গঙ্গা জলে গাভীর দুধে বাশক নিলে ধুইয়া।
গন্ধ তেল দিয়া বাঁশের সতিবার নেয় লেয়া।।
বাঁশেরে মস্তকে বান্ধে হাড়িয়ার চর।
বাঁশেরে গায়ে দিল এ ধল বস্তর।।

আম ডালিয়া গুয়া দেয় মিশি একজোর।
তিন পাকে তিন গজ নাগাইল ডোর।।
বান্ধিয়া ধরিয়া বাঁশ করিল সারা।
হরি হরি বলিয়া বাঁশ করিল খাড়া।।
মদনকামে বলে ব্যাটা মালাগিরিবর।
চারকোণ ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রয়া।
উত্তর নাগি শিগগির গেল ধায়া।।
উত্তর শহরে গিয়া বাঁশের করিল থানা।
উত্তর শহরে ভর যুবতী বাঁশক করিল মানা।।
উত্তর শহরে লোকজন বলে হরি হরি।
আলো চাউল গাভীর দুধে বাঁশের পূজা করি।।
এই বাঁশ পূজিলে কিবা ফল হয়?
এই বাঁশ পূজিলে ধনে পুত্র হয়।।
মদনকামে বলে বেটা মালাগিরিবর।
চারকোণ ঘুরিয়া আনিয়া বাঁশের পূজা কর।।
কথা শুনিয়া মালাগিরিবর না থাকিল রয়া।
পূব শহরে নাগি শীঘ্র গেল ধায়া।।
পূব শহরে গিয়া বাঁশের করিল থানা।
পূব শহরে ভব যুবতী বাঁশক করিল মানা।।
এই বাঁশ পূজিলে কি বা ফল হয়?
এই বাঁশ পূজিলে ধনে পুত্র হয়।।
এইভাবে চারিকোণ আসিলে খেলেয়া।
চৌঘাটের মধ্যে এখন বাঁশক করিল খাড়া।।
ভাল ভাল আসিয়া গেল যুবতী যাইতে বাধা।
ধাপিনা বান্ধিয়া কঙ্ কাস্তে করিল ধার।
দেড় গজ বান্ধিয়া কঙ্ বাঁশ বান্ধিবার।।

চতুর পাকে জই জোগাড় পঞ্চরই বাতি।
বামনেকে ডাকে আনি বাঁশের যজ্ঞ করি।।
নাল কাপড় নাল ঘোরা সোপনের ঝোড়া।
বন্ধনের ঝোড়া দিয়া মারিল আঁচলা।।
এত শ দেবতা বান্ধি বাইতে যে দেব এড়ায়।
দোয়াদশ প্রণাম করং সেই না দেবের পায়।।"৩৯

—বাঁশের চারা গাছ রোপন করা হলে মদন এবার মালাগিরিবরকে বাঁশ পুজোর আয়োজন করতে বলে। তাই মালাগিরিবর কাঁধে বাইশ-কুড়াল নিয়ে বাঁশঝারে গেল। প্রথমে উত্তর দিকের কখোয়া বাঁশের গোড়ায় কুড়ুল দিয়ে একবার আঘাত করে। কখোয়া বাঁশ চিৎকার করে বলে যে, সে মদনের পুজোর বাঁশ হতে পারবে না। তাই সে যেন তাকে কেটে না ফেলে। মালাগিরি থেমে না থেকে দ্রুত পশ্চিমের বাঁশঝারে চলে যায়। সেখানে বেড়ু গাছের তলায় কুড়ুল দিয়ে আঘাত করে। তখন বেড়ু বাঁশ চিৎকার করে বলে যে সে তার পুজোর বাঁশ হবে না। মালাগিরিবর এবার দক্ষিণের মাকলা বাঁশের ঝারে গিয়ে উপস্থিত হয়। মাকলা বাঁশ পুজোর প্রদীপ জ্বালানোর জন্য চালুন হতে চায়। কিন্তু পুজোর বাঁশ সে হবে না। মদনের বাঁশকে বরণ করার জন্য এই চালুন একটি অপরিহার্য অঙ্গ। মাকলা বাঁশকে গোড়ায় কেটে নেওয়ার জন্য কুড়ুল মেরে কেটে ফেলতে লাগল। তখন বাঁশের অগ্রভাগ দোলা দিল। অবশেযে হরির নাম নিয়ে বাঁশ ভূমিতে পতিত হলো। মাকলা বাঁশের গোড়ার অংশটি কেটে বাদ দিলো। কারণ এই অংশটি ঘন গিঁটওয়ালা। তাই কোনো কাজে লাগে না। আবার বাঁশের অগ্রভাগ সরু ও লম্বা হওয়ায় এই অংশকেও কেটে বাদ দিলো। মাকলা বাঁশের মাঝের অংশটিকে ডোমের বাড়ির দিকে পাঠিয়ে দিলো। ডোম সেই বাঁশ থেকে প্রদীপ জ্বালানোর জন্য চালুন তৈরি করে দিলো। মালাগিরি চালুন পেয়ে আর বসে রইল না। তিনি এবার পূর্বদিকের বড় বাঁশ ঝারের দিকে পা বাড়ালেন। বড় বাঁশ চিৎকার করে বলে যে, বাঁশ কাটতে যে শক্তির প্রয়োজন সে শক্তি তার গায়ে আছে কি না? না হলে বাঁশ কেটে ফেলার পর বাঁশটিকে টেনে বেড় করার সময় তাকে এক বাঁশের কঞ্চিতে আড়াই প্রহর আটকে রাখবে। আবার তাকে সাবধান করে দেয় যে, চারাগাছ অল্পবয়সের বাঁশ যেন চিনে নিয়ে ভালো শক্ত বাঁশ কেটে নেয়। নীল বর্ণের বাঁশ এবং তার শিখড় থাকবে এরকম বাঁশই সে যেন কেটে নেয়। এবার মালাগিরি সে অনুযায়ী একটি বাঁশের গোড়ায় কুড়ুল দিয়ে আঘাত করলো এবং অগ্রভাগ দোলা খেয়ে ভূমিতে পতিত হলো। গোড়ার ও অগ্রভাগ অংশ বাঁশ থেকে বাদ দেওয়া হল।

বাঁশের মাঝখানের অংশকে নেওয়া হলো নীল বর্ণ দেখে। বাঁশ কাঁধে নিয়ে গান গেয়ে বাড়িতে পৌঁছায়। বাঁশের বাঁকা অংশকে আগুনে সেক দিয়ে সোজা করা হলো। কাটারি দিয়ে বাঁশের নীল বর্ণকে ছেঁচে ফেলানো হয়। গঙ্গার জলে স্নান করানোর জন্য গান গেয়ে নদীর ধারে বাঁশকে নিয়ে যাওয়া হয়। গঙ্গার জল ও দুধ মিশিয়ে বাঁশকে ধুঁয়ে নেওয়া হলো। তারপর বাঁশকে সুগন্ধি তেল মাখানো হয়। অগ্রভাগে বেঁধে দেয় চমরি গাইয়ের চঙর বা চামর। সাদা বস্ত্র দিয়ে বাঁশটিকে মুড়িয়ে দেওয়া হয়। আম্র পল্লব-এর সঙ্গে একজোড়া সুপারি বাঁশের মধ্যে বেঁধে দেয়। তিনটি তিন গজ মাপের ডুরি অর্থাৎ সুতো লাগানো হয়। বাঁশকে সাজানো হলে এবার দাঁড় করিয়ে দেওয়া হলো। মদনকাম এই বাঁশকে চার কোণে ঘুরিয়ে এনে পুজো দেওয়ার আজ্ঞা দিলো। মালাগিরিবর আজ্ঞা পেয়ে বাঁশকে নিয়ে উত্তরে ধেয়ে গেল। সেখানে থান পেতে থাকলে অনেকেই মানত করে। বিশেষ করে ভরা যৌবনের মেয়েরা নানা রকম মানত করে, যেমন-ভালো বর দেখে যেন তাড়াতাড়ি বিয়ে হয়। আতপ চালের সঙ্গে দুধ মিশিয়ে বাঁশের পুজো করে। এই পুজো দিলে আর্থিক সম্পত্তি ও সন্তান দুটোই লাভ করা যায়। এরপর একে একে পূর্বদিকের শহর, পশ্চিম দিকের শহর ও দক্ষিণ দিকের নানা জায়গায় বাঁশ খেলে বেড়িয়ে এলো। এইসব কিছু করার পর চৌমাথার বাঁশের থলা অর্থাৎ বাঁশের মেলায় এসে বাঁশটিকে দাঁড় করিয়ে দেয়। এই বাঁশের থলা বা মেলাতে মেয়ে মানুষের প্রবেশ নিষেধ। ব্রাহ্মণকে ডেকে এনে বাঁশ পুজোর যজ্ঞ করানো হয়। সকল দেবতাকে বন্দনা করতে করতে যদি কোনো দেবতাকে আরাধনা করতে বাদ পড়ে যায়, তাহলে তার চরণেও প্রণাম জানালেন মালাগিরিবর।

বাঁশের কাপড় ও চামর সৃষ্টি:

''মদনকাম বলে গিরি মোর সে বচন ধর।
বাঁশ নিরমান হৈলেক এ্যালা কাপড় সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
তাঁতী পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস তাঁতী ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের বাঁশের কাপড় দে গড়েয়া।।
তাহা শুনি তাঁতী ভাই না থাকিল রইয়া।
সোনার জোলানী কাপড় দিলেক বানেয়া।।

মদনকাম বলে মালা মোর সে বচন ধর।
কাপড় সিজ্জন হৈলেক এ্যালা চঙর সিজ্জন কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
ভোট পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ভোট ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের বাঁশের চঙর দে সিজ্জন করিয়া।।
তাহা শুনি ভোট ভাই না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে চঙর দিলেক সিজ্জন করিয়া।।”[৪০]

মদনকাম এবার মালাগিরিকে বাঁশের কাপড় পড়ানোর জন্য কাপড় ও চঙর বা চামর সৃষ্টি করতে বললেন। এই আদেশ পেয়ে মালাগিরি তাঁতী পাড়ায় গেল। তাঁতীকে মদনকামের বাঁশের কাপড় তৈরি করে দিতে অনুরোধ করে। জোলানী অর্থাৎ তাঁতীর স্ত্রী মদনকামের বাঁশের কাপড় তৈরি করে দিলো। মদনকাম মালাগিরিকে বাঁশের মাথায় বা অগ্রভাগে চঙর চামর বাঁধার জন্য আজ্ঞা দিলো। তাই তিনি চঙর সৃষ্টির জন্য ভোট পাড়ার দিকে এগিয়ে চলল। ভোট পাড়ার ভোট ভাইকে একথা জানালে সে তাঁর সাক্ষাতেই বাঁশের চঙর তৈরি করে দিলো।

কাপড় সৃষ্টির অপর একটি গানের কথান্তর বা রূপান্তর পাওয়া যায়—

“কি কারণে হে কিষাণ নিশ্চিন্তে বসিয়া।
বাড়ি যায়া বাঙ্গার ক্ষেত কিষাণ করো যায়া।।
ভাদর মাসে ঘোর রৈদে বাঙ্গার চক্র ফুটে।
তাক দেখিয়া কিষাণের ব্যাটার মুখে হাসি ফোটে।
কেরকেয়া ধুনিয়া বাঙ্গার গড়েয়া নিল পাইজ।
এক সুতা ছাড়িয়া দিল আটিয়া কলার মাইজ।।
মথুরার হাটত সুতা নিয়া বেড়ায় বেচেয়া।
জোলা সব দেখিয়া সুতা নিল তো কিনিয়া।।
সুতা পায়া জোলা সব আনন্দিত মন।
আপোনার বাড়ি বুলি করিল গমন।।

কি করিস রে জোলানী তুই নিশ্চিন্তে বসিয়া।
সব চাকরি ধরি শীঘ্র টানা খসাও আসিয়া।।
দৈর্ঘ্যে দিল পচিশ হাত প্রস্থে কম দিল।
বাঁশের মুখোত ফেলেয়া সুতাক কাপড় গড়াইল।।
মথুরার হাটত কাপড় নিয়া ব্যাড়ায় ব্যাচেয়া।
বাশুয়ায় দেখিয়া কাপড় নিল তো কিনিয়া।।”[৪১]

কথান্তর বা রূপান্তরের গানটিতে কাপড় তৈরির বা সৃষ্টির কথা পাওয়া যায়। কাপড় তৈরির জন্য প্রয়োজন সুতোর। এই সুতো তৈরি করার জন্য প্রয়োজন তুলা চাষের। তাই মদন এবার কিষাণকে তুলো চাষের জন্য আজ্ঞা দেয়। কিষাণ যেন নিশ্চিন্তে বসে থাকে না। তার এখন বাঙ্গা তুলোর ক্ষেত চাষ করার সময় এসেছে। কিষাণ বাঙ্গার ক্ষেতে ভাদ্র মাসে দেখতে পেলো বাঙ্গার চক্র অর্থাৎ তুলোর বীজ রোদ্রের মধ্যে ফেটে গেছে। এই দৃশ্য দেখে কৃষাণের মুখে হাসি ফোটে। সুতো রাখার মাকুর মধ্যে লম্বা একটা সুতো ছাড়িয়ে নিলো। তারপর মথুরার হাটে সুতো বিক্রি করতে যায়। সেখানে সকল জোলা অর্থাৎ তাঁতী সুতো ক্রয় করে নিলো। সুন্দর সুতো কম দামে পেয়ে খুশি মনে তাঁতীরা বাড়িতে ফিরে গেলো। জোলানিকে কাপড় তৈরির সমস্ত সরঞ্জাম নিয়ে বাইরে আসতে বলে। পঁচিশ হাত দৈর্ঘের কাপড় বুনে ফেললো তারা। তাঁতী এবার মথুরার হাটে কাপড় বিক্রি করতে যায়। সেখান থেকে আবার বাঁশ পূজারীগণ কাপড় ক্রয় করে বাঁশের গায়ে কাপড় পড়ায়।

বাঁশ পূজার ঘট, প্রদীপ ও চালুনের সৃষ্টি:

‘‘মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
এ্যালা ঘট-গচা-চাইলন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কুমোর পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস কুমোর ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের বাঁশ পূজার ঘট-গচা দে মোক বানেয়া।।
তাহা শুনিয়া কুমোর ভাই না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে ঘট-গচা দিলেক আনিয়া।।

মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
ঘট-গচা হৈলেক এ্যালা চাইলন সিজ্জন কর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
ডোম পাড়ার লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস্ ডোম ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের বাঁশ পূজার চাইলন দে বানেয়া।।
তাহা শুনিয়া ডোম না থাকিল রইয়া।
মালার সাক্ষাতে চাইলন দিলেক আনিয়া।।”[৪২]

—আলোচ্য গানটির বিষয় মদনকামের বাঁশ পুজো উপলক্ষে ঘট, প্রদীপ জ্বালানো, চালুন সৃষ্টি করা। মদনকাম মালাগিরিবরকে বলে যে সে যেন এখন ঘট, প্রদীপ ও চালুন সৃষ্টি করে। একথা শুনে মালাগিরিবর বসে না থেকে কুমোরের বাড়ির দিকে চলে গেলো। কুমোরকে ঘট, প্রদীপ তৈরির কথা জানালে সে সঙ্গে সঙ্গে তা তৈরি করে দিল। এরপর চালুন তৈরির জন্য আজ্ঞা দিল মদনকাম। আজ্ঞা পেয়ে মালাগিরিবর ডোম পাড়ার দিকে চললো। ডোমকে চালুন তৈরি করার কথা জানালো। ডোম দ্রুত তার সাক্ষাতে চালুন তৈরি করে দিলো। এই ঘট, প্রদীপ ও চালুন তৈরি হলে মদনকামের পূজার উপকরণ সংগ্রহ শুরু হয়। বাঁশের কাঁপড় পড়ানোর জন্য যে গানটি পাওয়া যায়, তা নিম্নরূপ—

বাঁশের কাপড় পরিধান ও সাজানো:

‘‘মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
চৈত্রমাস আসিয়া পড়িল বাঁশের সাজন কর।।
শুক্লা পক্ষের ত্রয়োদশীতে বাঁশক কাপড় পিন্দাও।
দুই বাঁশের মইধ্যত মোর কামলিঙ্গক থান দাও।।
তাহা শুনিয়া মালাগিরিবর না থাকিল রইয়া।
দুই বাঁশক সাজেবার ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুগ্ধে গঙ্গার জলে দুই বাঁশক ধোয়াইল।
মস্তকে হাড়িয়া চঙর দুই বান্দিয়া দিল।।
সোনার জোলানী কাপড় দিলেক ভিড়িয়া।
কমরে দুই গাছি ডোর দিলেক খিচিয়া।।

তেল-চন্দন আলতা কুমকুম মাখাইল।
দুই বাঁশের গাওত কপুর ছিটায় দিল।।
ললাটে রক্ত-তিলক উচা বাঁশটায় দিল।
নীচা বাঁশটার কপালে সিন্দুর পড়াইল।।
বিবিধ সাজে সাজাইল বাঁশক মালাগিরি।
দেখিতে হৈল যেন স্বর্গের অপ্সরা-অপ্সরী।।”[৪৩]

---এবারে মদনকাম মালাগিরিবরকে বাঁশ সাজানোর জন্য আজ্ঞা দিলো। কারণ চৈত্র মাস এসে পড়েছে। পুজোর আর বেশি দিন নেই। চৈত্র মাসের শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে বাঁশে কাপড় পড়ানোর কাজ শেষ করতে হয়। দুটি বাঁশের মাঝখানে মদনকামের কামলিঙ্গকে বসানোর আদেশ দিলো। কাপড় পড়ানোর আগে বাঁশকে ধুয়ে নিলো গঙ্গাজল ও দুধ দিয়ে। এতে বাঁশটি বিশুদ্ধ হয়ে যায়। জোলানি অর্থাৎ তাঁতির স্ত্রী বাঁশকে কাপড় পড়ায় এবং বাঁশের কোমরে ডুরি পরিয়ে দেয়। তেল মাখিয়ে চন্দনের টিপ দিয়ে আলতা ও কুমকুম (নখ-পালিশ) মাখায়। দুটি বাঁশের গায়ে কর্পুর মাখায় তারপর লাল রঙের তিলক কেটে দেয়। আকারে কম লম্বা বাঁশটিকে সিঁদূর পরিয়ে দেয়। নানা উপকরণ দিয়ে বাঁশকে এমনভাবে সাজিয়ে নিলো যে বাঁশকে স্বর্গের অপ্সরা-অপ্সরীর মতো সুন্দর দেখালো।

কামলিঙ্গ সৃষ্টি:

‘‘মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
গচের ডাল কাটিয়া মোর কামলিঙ্গ নিরমান কর।।
তাহা শুনি মালাগিরি না থাকিল রইয়া।
কুন্দালের বাড়ির লাগিয়া মালা চলিল হাটিয়া।।
কি করিস কুন্দাল ভাই নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের কামলিঙ্গ মোক দে কুন্দাইয়া।।
তাহা শুনিয়া কুন্দাল ভাই না থাকিল রইয়া।
তড়িতে আনিল একটা গছের ডাল কাটিয়া।।
সেই ডাল কাটি চেচি কাম-লিঙ্গ বানাইল।
মালার সাক্ষাতে সেই কামলিঙ্গক দিল।।”[৪৪]

—মদনকাম এবার মালাগিরিবরকে কামলিঙ্গ তৈরির জন্য নির্দেশ দিলো। কাঠমিস্ত্রি বা ছুতোরে বাড়ি গিয়ে মালাগিরিবর কামলিঙ্গ বানানোর আদেশ দিল। ছুতোর তাঁর সাক্ষাতেই একটি গাছের ডাল কেটে কামলিঙ্গ তৈরি করে দিল। এবার এই কামলিঙ্গকে রূপবান করার জন্য সাজিয়ে তোলা হলো। নিম্নের গানে তার পরিচয় পাওয়া যায়—

‘‘মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
বাঁশের সাজন হৈলক এ্যালা কামলিঙ্গের সাজমোর ধর।।
তাহা শুনিয়া মালাগিরি না থাকিল রইয়া।
কামলিঙ্গের সাজন ধরিল বায়রা আনিয়া।।
গাভীর দুগ্ধে, গঙ্গার জলে কামলিঙ্গক ধোয়াইল।
দুই চকুর ভুরুতে কজ্জল পড়াইল।।
ললাটে রক্ত-তিলকের যতনে ফোঁটা দেইল।
আলতা দিয়া সর্ব অঙ্গ লালে শোভায়িল।।
বিবিধ সাজনে মালা কামলিঙ্গে পরায়িল।
একগাছি পৈতা গাত্রে বান্দিয়া দিল।।
কামলিঙ্গক সাজন দ্যাখে মালাগিরিবর।
মদনকাম দেখিতে হৈচে ইন্দ্রের সহচর।।”[৪৫],

—গাছের ডাল দিয়ে কামলিঙ্গ তৈরি হলে নানা উপকরণ দিয়ে তাকে সাজিয়ে তুললো। নদীতে ধুয়ে এনে গাভীর দুধ ও গঙ্গার জল দিয়ে কামলিঙ্গ শুদ্ধ করে নেওয়া হয়। কামলিঙ্গের মাথায় দুটো চোখ তৈরি করে মাঝখানে কাজলের ফোঁটা দিয়ে ভুরু তৈরি করা হলো। ললাটে লাল রঙের তিলকের ফোঁটা দেওয়া হলো। তারপর, কামলিঙ্গকে একটা গাছি পৈতা অর্থাৎ উপবীত পরানো হলো। এরপর মদনকাম ইন্দ্রের সহচর বলে তুলনা করে মত প্রকাশ করলেন মালাগিরিবর। মদনকামের প্রসাদ বা নৈবেদ্য হিসেবে থাকে নাড়ু। নাড়ু তৈরির উপকরণ হলো আতপচালের গুঁড়ো, দুধ, গাজা বা ভাঙ, চিনি ইত্যাদি। গাজা বা ভাঙের সৃষ্টি কিভাবে হলো তা নিম্নলিখিত গানটিতে পাওয়া যায়—

‘‘মদনকাম উঠিয়া বলে মালাগিরিবর।
পূজার তরে ভাঙের নাড়ু সিজ্জন কর।।

মদনকামের বচন শুনিয়া মালাগিরিবর।
ভাঙের সিজ্জন কথা পুছিল অতপর।।
ভাঙ কোনটে পাবো ঠাকুর ভাঙ কোনটে পাবো।
ভাঙবিনা তোমার পূজা কেমনে করিব।।
ভাঙ কেনে নাগে ঠাকুর ভাঙ কেনে চাই।
ভাঙের বদলে ঠাকুর পিঠালী বানাই।।
ভাঙ কোনটে পাবো ঠাকুর ভাঙ কোনটে পাবো।।
ভাঙের বদলে আতপ চাউল দুগ্ধে পূজিব।।
মদনকাম বলে ব্যাটা মালাগিরিবর।
ভাঙের সিজ্জন কথা এবার শ্রবণ কর।।
এদেশে ছিল না ভাঙ আছিল পর্বতে।
সেই ভাঙের বীচি আনিল গোরক্ষনাথে।।
প্রথম ভাঙের জন্ম হলেক সরিষার ক্ষেতে।
পাত কোনা তার বিলু বিলু ফুল ধরিচে মাথে।।
চৈত্র মাসে আসিয়া পড়িল ভাঙ হইল জটিয়া।
কোড়া কাঁচি নিয়া বিড়াইল গৃহস্থ বাপুরা।।
কাঙ কাটে কাঙ বান্ধে কাঙ উবায় ভার।
ভার নিয়া গেল সৌগে আঙিনা মাঝার।।
উড়ুনের ঝালানীতে ভাঙের জট কারিলেক চূড়।।
খোলাত ফেলেয়া ভাঙের হাড় করিলেক গূড়।
বাইশ জোড় উড়ুন গাইন তেইশ জোড়া কুলা।
টেকিয়া টুকিয়া সৌগে বানাইল ভাঙের ধূলা।।
উত্তর থাকি আসিল কামিনী হাতে পিতলের খাড়ু।
তায় সে বনাইতে পারে মদনকামের নাড়ু।।
গাভীর দুগ্ধে আলো চাউলের পিটালী ভিজাইল।
তাহাতে ভাঙের গুঁড়া উত্তম মিশাইল।।

কামিনী হস্তে ঝিনির ঝিনির বাজে পিতলের খাড়ু।
পিটালীর ভাণ্ডে গুঁড়া মিশিয়া বানাইল শতেক নাড়ু।।”[৪৬]

মদনকাম মালাগিরিকে ভাঙের নাড়ু অর্থাৎ গাজা মিশানো নাড়ু তৈরি করার জন্য আদেশ দিলেন। তাই মালাগিরি গাজা বা ভাঙ কিভাবে সৃষ্টি হয়েছে তা জানতে চাইলেন। বললেন যে, ভাঙের নাড়ুর চেয়ে পিঠা তৈরি করে পুজো দেওয়ার আয়োজন করে। কারণ ভাঙ কোথায় পাবো তা জানি না। এর থেকে আতপ চালের গুড়োর সঙ্গে দুধ মিশিয়ে প্রসাদ তৈরি করি। অতএব মদনকাম ভাঙ বা গাজা সৃষ্টির কথা বললেন যে, গোরক্ষনাথ পার্বত্য অঞ্চল থেকে ভাঙের বীজ এনেছিলেন। তাই সরিষার ক্ষেতেই প্রথম ভাঙের জন্ম হয়। ছোটো পাতা বিশিষ্ট গাজার গাছে চৈত্র মাসে ভাঙের জট হলো। ভাঙ ক্ষেত থেকে কেটে আনার জন্য গৃহস্থ এবার কাঁচি, কাটারি হাতে বেড় হলো। কেউ ভাঙ গাছ থেকে ভাঙের জট অংশ কেটে নেয়, কেউ বেঁধে রাখে, আবার কেউ বহন করে বাড়িতে নিয়ে যায়। ক্ষেত থেকে সমস্ত ভাঙ বাড়ির উঠানে নিয়ে যায়। ঢেঁকি জাতীয় গুঁড়ো করার উরুনের মধ্যে ভাঙের জটকে গুঁড়ো করা হলো। বাইশ জোড়া উরুন-গাইন ও তেইশ জোড়া কুলো দিয়ে বাছাই করে ধুলোর মতো করা হয়। উত্তর দিক থেকে খাড়ু হাতে এক মহিলা এসে মদনকামের নাড়ু তৈরি করলো। ভাঙের গুঁড়োর সঙ্গে আতপ চালের গুঁড়ো মিশিয়ে দুধ দিয়ে ভেজানো হলো। উত্তর দিক থেকে আসা কামিনির হাতে খাড়ুর ঝুনুর ঝুনুর শব্দে সবকিছুর সঙ্গে গুড় মিশিয়ে শতাধিক নাড়ু তৈরি করলো।

ভাঙের সিজ্জন বিষয়ক অপর একটি গানের কথান্তর বা রূপান্তর পওয়া যায়—

“পূর্ব-পশ্চিম উত্তর-দক্ষিণ চার কোণ বান্ধং মাতে।
এদেশে ছিল না ভাঙ ছিল কামদেশে।।
গো ধেনু চরাইতে ভাঙ আনিল গোরক্ষনাথ।
বিচি আনলে ঝোলাত করি ডাল আনলে মাতে।।
সেই ভাঙের বিচি রইলে সর্বক্ষেতে।।
বিনি চাষে বিনি মইয়ে এ মেঘবরণ।
পহিলা কার্তিক মাস ভাঙের জরম।।
গো ধেনু চরাইতে ভাং আনিল গোরক্ষনাথ।
চিরল চিরল পাত ভাঙের সরিষার মত ফুল।
সেইলতে আছে ভাঙের আগালা হৈতে সুর।।

চৈত মাস আসিয়া পৈল ভাং হইল জটিয়া।
ভাঙ কাটিতে মদনকামে খৈরূক করিল সারা।।
ভাল ভাল আসিয়া সাজে ভাং কাটং বুলিয়া।
কেহ নিলে কাচি দাও কেহ নিলে বাঁকুয়া।।
গোরত দাও দিয়া ভাঙ্গের আনিল কাটিয়া।
রবিকেরো আলোয় ভাং নিল তা শুকিয়া।।
খোলার বুকত দিয়া ভাঙ্গক কইলে ভাজা ভুজা।
ঢেকির বুকত ফ্যালেয়া ভাঙ্গের গুড়া।।
বাইসখানি ঢেকি পড়ে তেইশখানি কুলা।
জনে জনে টেকিয়া নিলে জঠিয়া ভাঙ্গের গুড়া।।
উত্তর হৈতে আইল মাইয়া হাতে পিতলের খাড়ু।
তাইসে বানাইতে পাড়ে মদনকামের নারু।।
আলো চাউলের আটা আরো গাভীর দুধ।
তাতে নিমাই ঢালিয়া দিলে চিনি সাগর গুড়।।
নারু সাজে নিয়া গেল মদনকামের আগে।
সেই না নারুর সহিতে আইল মদনকামের খেড়ু।।
প্রথমে খাইল ভাং আনন্দ ধরম।
ধরম খাইলে করম খাইলে খাইলে বসুমতী।
তার সাথে খাইলে ভাং লক্ষ্মী সরস্বতী।।
দেবীর পুত্র খাইলে ভাং কার্তিক আর গনেশ।
কালীর বেটি খাইলে ভাঙ ডাকিনী-যুগিনী।।
জকার পুত্র খাইলে ভাঙ সসান আর মাসান।
ঠেঙ্গার নাঠি খাইলে ভাং ছয় কুড়ি মাসান।
সয়রারূপে খায়রে ভাং বুড়ি ঠাকুরাণী।।
মাও সুবচনী খায়রে ভাঙ খাড়াতে করি থির্।
দেওয়ানে দরবারে গেলে সকলে করি থির।।

ঘরের ইস্তু খায়রে ভাং আনে থানসিড়ি।
তার পাছে খায়রে ভাং আইজ্যের তুলসী।।
কালা কালা গাছ তুলসী চক্‌রো ধরে পাত।
ঘরে জলে তুষ্ট হয় ঠাকুর জগরনাথ।।
মদনকামে খাইলে ভাং খেবু নইয়া সাথে।
সাতালি পর্বত খানি ভাঙ্গিয়া নইলে মাতে।।
দেও দেবতা খায়রে ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং নদী নালার দেশ।।
ধল্যা নদী খায়রে ভাং ধল খাকড়া বয়।
বর্মপুত্র খায় রে ভাং নদীর মহাশয়।।
আঠার নদীর ঝরা তার সে তলে বয়।
ডাবা ডবা খায়রে ভাং শুকিয়া যাবার চায়।।
নদী-নালা খায়ার ভাং হইল অবশেষ।
খুড়িয়া নামিল ভাং মনুষ্যের দেশ।।
কামার সকল খায়রে ভাং লোহাৎ মারি বাড়ি।
কুমার সকল খায়রে ভাং বসিয়া গড়ায় হাড়ি।।
সূতার সকল খায়রে ভাং দুই কাষ্ঠে মারে জোড়া।
বাইশ পিছিলিয়া ঠ্যাং কাটা গেল সূতার হৈল খোড়া।।
জোলা সকল খায়রে ভাং খালোত পাবে ডুব।
খনকে দেখে হাতি ঘোড়া খনকে দেখো উট।।
তাতি সকল খায়রে ভাং তাতত মারে বারি।
ননীচোরা বলি মাইয়া দিল গালি।।
নাইয়া সকল খায় রে ভাং নাওতে পারে নিন।
ভাং ধুইতে পুটকী উদাও চোরে দিলে শিং।
বয় বরুয়া খায় ভাঙ গুয়াত কোনা কোনা।
ভাঙের প্রতাপে শরীর কাঞ্চাসোনা।।

রাজা জমিদার খায় রে ভাং বসিয়া হুকুম দেয়।
পাইক সিপাহী খায় রে ভাং অন্য মুকে ধায়।।
ঢাল তরোয়াল তোপোত গুলি সঙ্গে করি লয়।
চেংরাগুলা খায়রে ভাং গালায় অসের বাটী।
বুড়া সব খায়রে ভাং হাতে নৈয়া নাটি।।
ছাওয়া সব খায়রে ভাং বিছানা ভরে মোতে।
ভরযুবতী খায়রে ভাং গালা ধরিয়া শোতে।।
চাষা সব খায়রে ভাং মরিবার চায়।
খের বাড়ীত পড়িয়া চাষা গাড়োয়া ডোডায়।।
রাম বল হরি বল মুকুন্দ মুরারী।
মদনকামের গান সাঙ্গ হইল বল হরি হরি।।
হরি হরি বলো; হরি বোল।।”[৪৭]

—ভাঙের সৃষ্টি বিষয়ক গান পাওয়া যায় একাধিক। মূল বিষয় এক হলেও সামান্য কিছু নতুনত্বও থাকে। তাই এই গানে জানা যায় যে, গরু চড়াতে গিয়ে গোরক্ষনাথ ভাঙ নিয়ে এসেছিলো। ভাঙের বীজ ব্যাগে করে এনেছে এবং ডালপালা মাথায় করে এনেছে। সরিষার ক্ষেতে সেই ভাঙের বীজ রোপন করলো। সরিষা ক্ষেতে বীজ রোপন করার জন্য জমিতে কোনো হাল চাষ করতে লাগলো না। কার্তিক মাসের পয়লা তারিখে গাজার বা ভাঙের জন্ম হয়েছে। সরু সরু ভাঙের গাছের পাতা ও সরিষার মতো ফুল হয়। ভাঙের গাছের অগ্রভাগে জট হয়। এই জট চৈত্র মাসে শক্ত জটের আকার নেয়। দা-কাঁচি দিয়ে চৈত্র মাস ভাঙ কেটে বাড়িতে আনা হয়। সূর্যের তাপে ভাঙকে শুকিয়ে নেওয়া হয়। গরম কড়াতে ভাজিয়ে নেওয়া হলো। তারপর ঢেকির মাধ্যমে গুড়ো করে নেওয়া হয়। অনেকজন কুলোর সাহায্যে ঝেড়ে গুড়ো করলো। উত্তর দিক থেকে পিতলের খাডু হাতে এক মহিলা এসে মদনকামের নাড়ু তৈরি করলো। আতপ চালের গুড়োর সঙ্গে আটা, চিনি, গুড়, ভাঙের গুঁড়ো ইত্যাদি মিশিয়ে নাড়ু তৈরি করা হলো। সেই ভাঙের নাড়ু একে একে সকল দেবতা খেলো। প্রথমে ধর্ম ঠাকুর, তারপর বিশ্বকর্মা ও মাতা বসুমতী খেলেন। লক্ষ্মী-সরস্বতীর সঙ্গে গনেশ-কার্তিকও ভাঙ খেলো। কালী মায়ের সঙ্গে যেমন ডাকিনী যোগিনী খেলো, তেমনি যখার পুত্র মাশানও ভাঙ খেলো। বুড়ি ঠাকুর, সুবচনি ঠাকুর, বাড়ির বাস্তু ঠাকুর, থানসিড়ি, তুলসি ঠাকুর, জগন্নাথ, অবশেষে মদনকাম ভাঙ

খায়। সকলের ভাঙ খাওয়া হলে নদী-নালা ভাঙ খায়। ধরলা নদী, ব্রহ্মপুত্র নদ ভাঙ খায়। সেখানে আবার আঠারো নদী ডুবে যায়। নালা ও ডোবা ভাঙ খেয়ে শুকিয়ে যেতে চায়। নদী-নালা ভাঙ খাবার পর অবশিষ্ট ভাঙ বা কর্মকার নেমে গেলো মানুষের দেশে। কামারেরা ভাঙ খেয়ে লোহার জিনিস বাড়ি দিয়ে নতুন জিনিস তৈরি করে। ভাঙের নেশায় কাঠ কাটার যন্ত্র দিয়ে নিজের পা কেটে ফেলে। জোলাগুলো অর্থাৎ তাঁতীরা ভাঙ খেয়ে জলে ডুব দেয় আর নেশাগ্রস্থ হয়ে কোনো বস্তুকে এইমাত্র হাতি-ঘোড়া মনে করে, আবার পরক্ষণে তাকেই উট বলে ভুল করে। তাঁতীদেরকে তাঁদের স্ত্রীরা ননীচোরা বলে গালি দেয়। মাঝিরা ভাঙ খেয়ে নেশায় ঘুমিয়ে পড়ে এবং এই সুযোগে চোর এসে গায়ের কাপড় সহ খুলে নিয়ে চলে যায়। ফলে পশ্চাৎদেশ আবরণহীন হয়ে থাকে। রাজা-জমিদার ভাঙ খেয়ে সকলকে হুকুম বা আদেশ দেয় কাজ করার জন্য। পেয়াদা ও কর্মচারীগণ ভাঙ খেয়ে সকলকে হুকুম বা আদেশ দেয় কাজ করার জন্য। পেয়াদা ও কর্মচারীগণ ভাঙ খেয়ে কাজ না করে অন্যদিকে ধেয়ে চলে যায়। সঙ্গে নেয় ঢাল ও তরোয়াল। ছেলে মানুষ ভাঙ খেয়ে রসিক অর্থাৎ প্রেমিক হয়ে ওঠে। বৃন্ধ লোকেরা ভাঙ খেয়ে হাতে কড়াই ও বাটি নিয়ে ঘুরে বেড়ায়। বাচ্চাগুলো ভাঙ খেয়ে ঘুমের ঘোরে বিছানায় প্রস্রাব করে ভাসিয়ে দেয়। যৌবন প্রাপ্ত যুবতী ভাঙ খেয়ে পুরুষের গলা ধরে শুয়ে থাকে। চাষীরা ভাঙ খেয়ে আত্মহত্যা করতে চায়। তারা শূন্য মাঠে কাশিয়ার জঙ্গলে পড়ে থাকে। ভাঙের মহিমায় সকলে যে ধরনের পরিস্থিতির সম্মুখীন হয় তার একটি নিখুঁত চিত্র পাওয়া গেল, মদনকামের ভাঙের মহিমা বিষয়ক গানে।

পুরোহিতের মাধ্যমে বাঁশ পুজো:

‘‘মদনকাম বলে মালা মোর সে বচন ধর।
পুরোহিত আনিয়া মোর বাঁশের পূজা কর।।
তাহা শুনিয়া মালা গিরি না থাকিল রইয়া।
পুরোহিতের বাড়ীর নাগিয়া চলিল হাটিয়া।।
কি করেন পুরোহিত ঠাকুর নিশ্চিন্তে বসিয়া।
মদনকামের বাঁশের পূজা দেও করিয়া।।
তাহা শুনিয়া পুরোহিত ঠাকুর না থাকিল রইয়া।
হস্তেতে হোম ডাঙ নিয়া চলিল হাটিয়া।।

পুরোহিত বাড়ীত আসিয়া উপনীত হইল।
মালাগিরি পাদ্য অর্ঘ্যে তাহাক বসিবার দিল।।
হরি হরি বলিয়া দুই বাঁশ মণ্ডপে গাড়িল।
দুই বাঁশের মাঝখানত কামলিঙ্গ বসায়িল।।
মালাগিরি পূজার দ্রব্য দিলেক আনিয়া।
পূজার মণ্ডপত পুরোহিত বসিলেক ভিরিয়া।।
ঢাক বাজে ঢোল বাজে আরও বাজে কাশী।
খ্যামটা সুরেতে বাজায় দোয়ারী মুখা বাঁশী।।
জই-জোগার দিলেক আসিয়া নর-নারী।
সাষ্ঠাঙ্গে প্রণাম দিলেক মালাগিরি।।
পুত্রের মানস করিল মেনকা সুন্দরী।
মদনকামের বাঁশক পূজিল ভক্তি ভরি।।
রাম বলো হরি বলো মুকুন্দ মুরারী।
মদনকামের পূজা হৈল বলো হরি হরি।।"[৪৮]

— আলোচ্য গানটিতে মদনকাম এবার ব্রাহ্মণ নিয়ে এসে পূজা করতে বলে। এই আজ্ঞা পেয়ে মালাগিরি ব্রাহ্মণের বাড়ির দিকে চলে। নিশ্চিন্তে বসে থাকা পুরোহিতকে মদনকামের পুজো করে দেওয়ার জন্য অনুরোধ করে। এই আমন্ত্রণ পেয়ে হোম যজ্ঞের সরঞ্জাম নিয়ে ব্রাহ্মণ মালাগিরির বাড়িতে চলে এলো। মালাগিরিবর ব্রাহ্মণের বসার ব্যবস্থা করে এবং বাঁশ দুটি মণ্ডপের মধ্যে পুঁতে রাখলো। তারপর বাঁশের মাঝখানে কামলিঙ্গাক স্থাপন করলো। সকল পূজার দ্রব্য মণ্ডপে এনে দিলে ব্রাহ্মণ এবার পুজো শুরু করলেন। ঢাক, ঢোল, কাশি ও মুখাবাঁশি বাজিয়ে পুজো হতে থাকে। গ্রামের সকল নর-নারী এসে মদনকামকে প্রণাম করে। মালাগিরি ও মেনকাদেবী সাষ্টাঙ্গে প্রণাম করে পুত্রের কামনা করলো। পুত্রের কামনা হেতু মালাগিরি বাঁশের পুজো ভক্তি ও নিষ্ঠা সহকারে সফল করলো। রাম-হরি ও মুকুন্দ-মুরারীকে ভজনা করে মদনকামের পুজো সমাপ্ত করলো।

মদনকামের পুজো উপলক্ষে বিভিন্ন সময় বিভিন্ন রকম গান ও দলের সৃষ্টি হয়েছে বলে অনুমান করা হয়। যুগযুগ ধরে মদনকামের পুজো ও গান ঐতিহ্যবাহী হয়ে বংশ পরম্পরায় রাজবংশী সমাজের

মানুষেরা পুজো করে আসছে— এ বিষয়ে কোনো সন্দেহ নেই। নীহার রঞ্জন রায় তাঁর ‘বাঙালীর ইতিহাস আদিপর্ব’-এ মদন উৎসব পরবর্তী কালে যে হোলিতে রূপান্তর হয়েছে, তার কথা উল্লেখ করেছেন। তাঁর মতে— ‘‘এ-তথ্য এখন অনেকটা পরিষ্কার যে, আদিতে হোলী ছিল কৃষি সমাজের পূজা; সুশস্য উৎপাদন কামনায় নরবলি ও যৌন লীলাময় নৃত্যগীত উৎসব ছিল তাহার প্রধান অঙ্গ। তার পরের স্তরে কোনও সময় নরবলির স্থান হইল পশুবলি এবং হোমযজ্ঞ ইহার অঙ্গীভূত হইল। কিন্তু হোলীর সঙ্গে প্রধানত যে উৎসবানুষ্ঠানের যোগ তাহা বসন্ত বা মদন বা কামোৎসবের, রাধাকৃষ্ণ ঝুলনের এবং কোথাও কোথাও মূর্খতম এক রাজাকে লইয়া নানা প্রকারের ছল চাতুরী ও তামাসার। তৃতীয়-চতুর্থ শতক হইতে আরম্ভ করিয়া ষোড়শ শতক পর্যন্ত উত্তর-ভারতের সর্বত্রই বসন্ত বা মদন বা কামোৎসব নামে একটি উৎসবের প্রচলন দেখা যায়। বাৎস্যায়নের কামসূত্র (তৃতীয়-চতুর্থ শতক), শ্রীকৃষ্ণের রত্নাবলী (সপ্তম শতক)... জীমূত বাহনের কাল বিবেক (দ্বাদশ শতক)... সকলেই এই উৎসবের কথা বলিয়াছেন অল্প বিস্তার বর্ণনায় প্রচুর নৃত্যগীতবাদ্য, জুগুপ্সিত উক্তি, যৌন অঙ্গভঙ্গি এবং ব্যঞ্জনা প্রভৃতি ছিল এই উৎসবের অঙ্গ এবং পূজাটি হইত মদন বা রতির, চৈত্র মাসে, অশোক ফুলের সুপ্রচুর বর্ষণের নীচে। প্রাচীন বাংলাদেশে এই উৎসবের কথা জীমূতবাহনই বলিয়া গিয়াছেন। ... ষোড়শ শতকের পর কোন সময় চৈত্রীয় বসন্ত বা মদন কামোৎসব ফাল্গুনী হোলী বা হোলক উৎসবের সঙ্গে মিলিয়া মিশিয়া এক হইয়া যায় এবং কাম মহোৎসব অপ্রচলিত হইয়া পড়ে। বস্তুত ষোড়শ শতকের পর কাম মহোৎসবের কোন উল্লেখ বা প্রচলন কোথাও আর দেখা যায় না। মুসলমান রাজা-ওমরাহ্‌রা এবং হারামের মহিলারা হোলী উৎসবের খুব বড় পৃষ্ঠ-পোষক ছিলেন এবং বোধ হয় তাঁহাদের পৃষ্ঠপোষকতার ফলে হোলী ক্রমশ মদনোৎসবকে গ্রাস করিয়ে ফেলে।’’[৪৯]

— এই দীর্ঘ উদ্ধৃতিটি মদনকামের উদ্ভব ও বিবর্তন সম্পর্কে খুবই গুরুত্বপূর্ণ ও তাৎপর্যবাহী। কিন্তু ড. নীহাররঞ্জন রায় মদন উৎসব বিলুপ্ত সম্পর্কে গোটা বাংলায় নিশ্চিহ্ন হওয়ার কথা বলেছেন তা ঠিক নয়। উত্তর-পূর্ব ভারতের কামরূপ বা কামতাপুরে একুশ শতকেও মদন চতুর্দশী তিথিতে যে মদন উৎসব উপলক্ষে মদনকাম বা কামদেব বা বাঁশ পুজো হয়ে চলেছে— তা ড. রায়ের মতকে ভ্রান্ত প্রমাণিত করে। কামোৎসব বিলুপ্তির পিছনে মুসলমান শাসনে হোলি উৎসবের পৃষ্ঠপোষকতার কথা তিনি বলেছেন। কিন্তু উত্তর-পূর্ব ভারতে কোনো দিনই মুসলমানরা স্থায়ী রাজত্ব করতে পারেননি। ফলে এই অঞ্চলে মদনোৎসব এখনো জীবন্ত রূপে টিকে আছে। বিবর্তন ঘটেছে ঠিকই। কিন্তু এই

মদনোৎসবের মূল উদ্দেশ্য আস্ত আছে। ড. রায় যে ‘‘সুশস্য উৎপাদন কামনায় নরবলি ও যৌনলীলাময় নৃত্যগীত উৎসব ছিল তাহার প্রধান অঙ্গ’’ বলেছেন— তাই-ই আসলে আমাদের আলোচ্য গবেষণা প্রকল্পের মোটাজাগের গান। কিন্তু এই গানে নরবলির কথা উল্লেখ কোথাও পাওয়া যায়নি। হয় তো বহু পূর্বে এইরূপ পৈশাচিক ঘটনা ঘটে থাকলেও থাকতে পারে— আমাদের তা মূল্যায়নের বিবেচ্য নয়। কিন্তু মোটাজাগের গানে যে যথেচ্ছভাবে ‘যৌন লীলাময়’ ছিলো তার পরিচয় পাওয়া যায়। তা আমরা আমাদের আলোচ্য গবেষণা প্রকল্পের তৃতীয় অধ্যায়ে বিস্তারিত আলোচনা করেছি। এই জন্যই মোটাজাগের গানকে রাজবংশী সমাজের আদিতম গান বলেও উল্লেখ করেছি। কালক্রমে মানুষের মধ্যে যৌনলীলা বিষয়ক ভাবনাগুলো রাধা-কৃষ্ণের কানাই-ধামালি কাহিনির মাধ্যমে একটু সংযত ভাবে জাগগান হিসেবে প্রচলিত হয়েছে। পঞ্চদশ ও ষোড়শ শতক থেকে অর্থাৎ চৈতন্য পরবর্তীকালে বৈষ্ণব প্রভাবেই হয়তো এইসব গান রচিত হয়েছে। পাশাপাশি ঢুলুয়া ও কামদেব-এর নাচের অঙ্গভঙ্গি এই সময়ের প্রাচীনত্বও দাবি করে। কিন্তু টিনবাজা ও ক্যানবাজ রীতির দলের গানগুলো অষ্টাদশ-উনবিংশ শতকের পরবর্তী বলেই মনে হয়। কারণ এইসব দলে একটু আধুনিক ছোঁয়া আছে। যেমন— ইংরেজদের কথা, উড়ো জাহাজের কথা ইত্যাদি এই সময় কালেই নির্দেশ করে। সব মিলিয়ে গোটা ভারতীয় সংস্কৃতিতে মদনোৎসব বা কামোৎসব হিসেবে বৃহত্তর উত্তরবঙ্গেই একমাত্র টিকে আছে বলে দৃঢ় ভাবে বলা যায়। যা প্রাচীন হিন্দু ধর্মের অন্যতম একটি দেব-দেবীর আঙ্গিক হিসেবে বিবেচ্য হয়েছে।

তথ্যসূত্র:

১. শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধী (সম্পাদিত)— পুরোহিত দর্পণ, পৃ.- ৯৯৪।

২. কালীপ্রসন্ন বিদ্যারত্ন অনূদিত — বৃহৎকালিক পুরাণ, পৃ.-৫৮০।

৩. তদেব, পৃ.-৬৮৩।

৪. রাধামাধব ঘোষ প্রণীত— বৃহৎ সারাবলী, পৃ.- ৬০৩।

৫। মোঃ আশরাফুজ্জামান মণ্ডল(সম্পাদিত)— রঙ্গপুর সাহিত্য পরিষদ পত্রিকা : অভিভাষণ ও লোকসাহিত্য, ১ম সংস্করণ-২০১১, আরশীনগর, বাংলাদেশ, লালমণির হাট, জেলাযাদুঘর, রঙ্গপুর সাহিত্য পরিষদ পত্রিকা, ২য় সংখ্যা, পাদটীকা— পঞ্চানন সরকার, পৃ—২৩৫।

৬। Charu Chandra Sanyal– The Rajbansis of North Bengal, 1st edition- 1965, 2nd edt.- 2002, The Asiatic Society, Kolkata, Page-138.

৭। ড. গিরজাশংকর রায়— উত্তরবঙ্গে রাজবংশী ক্ষত্রিয় জাতির পূজা-পার্বণ, ১ম সং-১৯৭০, দ্বিতীয় সং- ১৯৯৯, ন্যাশনাল লাইব্রেরী, শিবমন্দির, শিলিগুড়ি, পৃ.— ২৩।

৮। সুখবিলাস বর্মা— জাগ গান, প্রথম প্রকাশ-১৯৯৭, আব্বাসউদ্দীন স্মরণ সমিতি, কলকাতা-৩১, পৃ.-২৩।

৯। তদেব, পৃ.— ২৭।

১০। গৌরচন্দ্র বর্মণ (গৌরচন গীদাল), বয়স—৭০ বছর, শিক্ষা- নিরক্ষর, পেশা- গান করা (সংগীত শিল্পী), গ্রাম- নবীনের দোলা, পোঃ ও থানা- ঘোকসাডাঙ্গা, জেলা— কুচবিহার।

১১। ড. বরুণকুমার চক্রবর্তী(সম্পাদিত)— বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ, প্রকাশক- অর্পণা ডিস্ট্রিবিউটার্স, কলকাতা-৯, সাল-২০০৭, পৃ.— ৪৮৫-৪৮৬।

১২। মযহারুল ইসলাম— ফোকলোর চর্চায় রূপতাত্ত্বিক বিশ্লেষণ পদ্ধতি, প্রকাশক— লোকলৌকিক প্রকাশনি, আই/২৪এ বাঘাযতীন, কলকাতা- ৪৭, ১ম সংস্করণ, পৃ.—১৪।

১৩. তদেব, পৃ.—২৪।

১৪. তদেব, পৃ.—৩৯।

১৫. তদেব, পৃ.—১৫।

১৬. তদেব, পৃ.—১৫।

১৭. তদেব, পৃ.—১৮।

১৮. তদেব, পৃ.—১৭।

১৯। ড. বরুণকুমার চক্রবর্তী(সম্পাদিত)— বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ, প্রকাশক- অর্পণা ডিস্ট্রিবিউটার্স, কলকাতা-৯, সাল-২০০৭, পৃ.— ৪৮৫-৪৮৬।

২০। তদেব

২১। মযহারুল ইসলাম--- ফোকলোর চর্চায় রূপতাত্ত্বিক বিশ্লেষণ পদ্ধতি, প্রকাশক--- লোকলৌকিক প্রকাশনি, আই/২৪এ বাঘাযতীন, কলকাতা- ৪৭, ১ম সংস্করণ, পৃ. ১৪।

২২। দিব্যজ্যোতি মজুমদার— বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স্, লোকসংস্কৃতি ও

আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, কলকাতা-১ম প্রকাশ-১৯৯৩, ৩য় সংস্করণ-২০০৫, পৃ:-১৬৫।

২৩। আশরাফ সিদ্দিকী— লোকসাহিত্য, ১ম ও ২য় খণ্ড, প্রকাশক-গতিধারা, বাংলা বাজার, ঢাকা-১১০০, ১ম সংস্করণ-১৯৬৩, গতিধারা ১ম প্রকাশ-২০০৮, পৃ.- ২৭০

২৪। তদেব, পৃ.—২৭৫।

২৫। তদেব, পৃ.—২৭৫।

২৬। তদেব, পৃ.—২৯০।

২৭। দিব্যজ্যোতি মজুমদার— বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স্, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, কলকাতা-১ম প্রকাশ-১৯৯৩, ৩য় সংস্করণ-২০০৫, পৃ.-১৭১।

২৮. তদেব,

২৯. তদেব,

৩০. তদেব, পৃ.—১৭২।

৩১. তদেব, পৃ.—১৭৮।

৩২। সুভাষচন্দ্র রায় (সংগ্রহ ও রচনা)— মদনকাম ও বাঁশ পূজা, সম্পাদনা- শ্রীউপাসু, জে.বি.ভবন, মাথাভাঙ্গা, কুচবিহার, ১ম প্রকাশ-১৪১৬, পৃ.-৪৫।

৩৩। তথ্যদাতা— খগেন্দ্রনাথ বর্মণ, পিং-সুরেন্দ্রনাথ বর্মণ, শিক্ষা-অষ্টম, পেশা-গীদাল, গ্রাম-পূর্ব নলঙ্গিবাড়ি পোঃ-বারোঘরিয়া, থানা- মাথাভাঙ্গা, কুচবিহার

৩৪। ড. গিরজাশংকর রায়— উত্তরবঙ্গে রাজবংশী ক্ষত্রিয় জাতির পূজা-পার্বণ, ১ম সং-১৯৭০, দ্বিতীয় সং- ১৯৯৯, ন্যাশনাল লাইব্রেরী, শিবমন্দির, শিলিগুড়ি, পৃ.— ২৪১।

৩৫। সুখবিলাস বর্মা— জাগ গান, প্রথম প্রকাশ-১৯৯৭, আব্বাসউদ্দীন স্মরণ সমিতি, কলকাতা-৩১, পৃ.— ৪১-৪২।

৩৬। তথ্যদাতা— খগেন্দ্রনাথ বর্মণ, পিং-সুরেন্দ্রনাথ বর্মণ, শিক্ষা-অষ্টম , পেশা-গীদাল, গ্রাম-পূর্ব নলঙ্গিবাড়ি পোঃ-বারোঘরিয়া, থানা- মাথাভাঙ্গা, কুচবিহার

৩৭। সুভাষচন্দ্র রায় (সংগ্রহ ও রচনা)— মদনকাম ও বাঁশ পূজা, সম্পাদনা- শ্রীউপাসু, জে.বি.ভবন, মাথাভাঙ্গা, কুচবিহার, ১ম প্রকাশ-১৪১৬, পৃ.—৪৩-৪৫।

৩৮। সুখবিলাস বর্মা--- জাগ গান, প্রথম প্রকাশ-১৯৯৭, আব্বাসউদ্দীন স্মরণ সমিতি, কলকাতা- ৩১, পৃ.— ৪২-৪৩।

৩৯। ড. গিরজাশংকর রায়--- উত্তরবঙেগ রাজবংশী ক্ষত্রিয় জাতির পূজা-পার্বণ, ১ম সং-১৯৭০, দ্বিতীয় সং- ১৯৯৯, ন্যাশনাল লাইব্রেরী, শিবমন্দির, শিলিগুড়ি, পৃ.— ২৪৪।

৪০। সুভাষচন্দ্র রায় (সংগ্রহ ও রচনা)--- মদনকাম ও বাঁশ পূজা, সম্পাদনা- শ্রীউপাসু, জে.বি.ভবন, মাথাভাঙ্গা, কুচবিহার, ১ম প্রকাশ-১৪১৬, পৃ.—৪৮।

৪১। সুখবিলাস বর্মা--- জাগ গান, প্রথম প্রকাশ-১৯৯৭, আব্বাসউদ্দীন স্মরণ সমিতি, কলকাতা-৩১, পৃ.—৪৩।

৪২। সুভাষচন্দ্র রায় (সংগ্রহ ও রচনা)--- মদনকাম ও বাঁশ পূজা, সম্পাদনা- শ্রীউপাসু, জে.বি.ভবন, মাথাভাঙ্গা, কুচবিহার, ১ম প্রকাশ-১৪১৬, পৃ.—৪৯।

৪৩। তদেব, পৃ.—৫০।

৪৪। তদেব, পৃ.—৫০।

৪৫। তদেব, পৃ.—৫১।

৪৬। তদেব, পৃ.—৪৫।

৪৭। সুভাষচন্দ্র রায় (সংগ্রহ ও রচনা)--- মদনকাম ও বাঁশ পূজা, সম্পাদনা- শ্রীউপাসু, জে.বি.ভবন, মাথাভাঙ্গা, কুচবিহার, ১ম প্রকাশ-১৪১৬, পৃ.—২৪৪।

৪৮। তদেব, পৃ.—৫৬।

৪৯। নীহাররঞ্জন রায়--- বাঙালীর ইতিহাস আদিপর্ব, ১ম. প্রকাশ- ১৯৪৯, দে'জ দ্বিতীয় সংস্করণ- ১৪০২, পৃ.— ৪৮৭-৪৮৮।